(একই নম্বর স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৬.২১-৩৪০

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮
২৯ সেপ্টেম্বর ২০২১

# পরিপত্র-১

**বিষয়ঃ ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১ উপলক্ষে ২য় ধাপের নির্বাচনি সময়সূচি, রিটার্নিং অফিসার নিয়োগ, মনোনয়নপত্র বাছাই, বাছাইয়ের বিরুদ্ধে আপিল নিষ্পত্তি, রাজনৈতিক দলের প্রার্থী মনোনয়ন, প্রার্থীর যোগ্যতা-অযোগ্যতা ও প্রতীক বরাদ্দ এবং অন্যান্য কার্যক্রম গ্রহণ**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১ কয়েকটি ধাপে অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তন্মধ্যে ২য় ধাপে ৮৪৮টি ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠিত হবে (সংশোধিত পরিশিষ্ট-ক)। ২য় ধাপের নির্বাচনের জন্য সময়সূচি, রিটার্নিং অফিসার ও ক্ষেত্র বিশেষ সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ, মনোনয়নপত্র বাতিল বা গ্রহণের বিরুদ্ধে আপিল নিষ্পত্তির জন্য নির্ধারিত কর্মকর্তা, মনোনয়নপত্র আহ্বানের গণবিজ্ঞপ্তি জারি, নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক চেয়ারম্যান পদে মনোনয়ন, মনোনয়নপত্র দাখিল/গ্রহণ, বাছাই ইত্যাদি বিষয়ে মাননীয় নির্বাচন কমিশন বিভিন্ন নির্দেশনা প্রদান করেছেন। নিম্নে বিভিন্ন নির্দেশাবলী উল্লেখ করা হলো :

২। **নির্বাচনি সময়সূচি:** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী মাননীয় নির্বাচন কমিশন ২য় ধাপে ৮৪৮টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নলিখিত সময়সূচি ধার্য করার জন্য নির্দেশ দিয়েছেন :

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ অক্টোবর ২০২১ (রবিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ অক্টোবর ২০২১ (বুধবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ অক্টোবর ২০২১ (মঙ্গলবার) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | **১১ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার)** |

**ভোটগ্রহণের সময়সীমা: সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত**

৩। **প্রার্থিতা বিষয়ক কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ তারিখ **২৩ অক্টোবর ২০২১** এবং দায়েরকৃত আপিল **২৫ অক্টোবর ২০২১** তারিখের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তাছাড়া প্রার্থিতা প্রত্যাহারের জন্য শেষ দিন **২৬ অক্টোবর ২০২১** তারিখের পরের দিন অর্থাৎ **২৭ অক্টোবর ২০২১ তারিখ বুধবার প্রতীক বরাদ্দের** কার্যক্রম সম্পন্ন করতে হবে। মনোনয়ন ও প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম উল্লিখিত সময়সূচির সাথে সমন্বয় করে সম্পন্ন করতে হবে।

৪। **সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার কর্তৃক সময়সূচির প্রজ্ঞাপন জারিঃ** নির্বাচন কমিশন কর্তৃক নির্দেশিত উপরি উল্লিখিত নির্বাচনি সময়সূচি অনুযায়ী সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ এতদসংগে সংযোজিত নমুনায় (পরিশিষ্ট-খ) প্রজ্ঞাপন জারি করে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করার ব্যবস্থা করবেন। পরিশিষ্ট-ক এ উল্লিখিত তালিকার মন্তব্য কলামে 'E' চিহ্নিত ইউনিয়ন পরিষদের নির্বাচন ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।

৫। **রিটার্নিং অফিসার নিয়োগ:** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার রিটার্নিং অফিসার নিয়োগ করবেন। সময়সূচির প্রজ্ঞাপন জারির পূর্বেই রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে। একটি উপজেলায় ৩টি ইউনিয়ন পরিষদের জন্য রিটার্নিং অফিসার হবেন উপজেলা নির্বাচন অফিসার। একটি উপজেলায় ৩টির অধিক ইউনিয়ন পরিষদের নির্বাচন হলে অন্য বিভাগের উপযুক্ত কর্মকর্তার মধ্য হতে অথবা পার্শ্ববর্তী উপজেলা হতে (৩য় ধাপে বা পরবর্তী/শেষ ধাপে আরও কয়েকটি নির্বাচনের সম্ভাবনা না থাকলে) অথবা নিকটস্থ মেট্রোপলিটন এলাকার থানা নির্বাচন অফিসের থানা নির্বাচন অফিসারের মধ্য হতে রিটার্নিং অফিসার নিয়োগ করা যাবে।

৬। **সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ:** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুসারে রিটার্নিং অফিসারকে সহায়তা প্রদান করার জন্য সহকারী রিটার্নিং অফিসার নিয়োগের বিধান রয়েছে। এ বিষয়ে পরবর্তীতে নির্দেশনা দেয়ার পর নিয়োগ প্রদানসহ কার্যক্রম গ্রহণ করতে হবে।



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফ্যাক্স: +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৭। **নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন স্থানীয়ভাবে প্রকাশঃ** নির্বাচন কমিশন কর্তৃক নির্দেশিত এবং সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার কর্তৃক ধার্যকৃত নির্বাচনি সময়সূচি সম্বলিত প্রজ্ঞাপনটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ডে, ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ড এলাকার কতিপয় গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে এবং রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থানীয়ভাবে টাংগাইয়া প্রকাশ করতে হবে।

৮। **রিটার্নিং অফিসার কর্তৃক নির্বাচনি সময়সূচির বিজ্ঞপ্তি জারিকরণঃ** সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারের নিকট হতে প্রাপ্ত নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন স্থানীয়ভাবে প্রকাশের পর রিটার্নিং অফিসারগণকে বিধিমালার বিধি ১১ অনুসারে প্রার্থীদের নিকট হতে মনোনয়নপত্র দাখিলের আহ্বান জানিয়ে মনোনয়নপত্র দাখিলের সময়সীমা এবং রিটার্নিং অফিসার কর্তৃক কোথায় মনোনয়নপত্র গৃহীত হবে তা উল্লেখ করে স্থানীয়ভাবে বিজ্ঞপ্তি জারি করতে হবে। উক্ত বিজ্ঞপ্তি জারির সুবিধার্থে একটি নমুনা এতদসংগে সংযোজন করা হল (পরিশিষ্ট-গ)। যেসব ইউনিয়ন পরিষদের নির্বাচন ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে সেগুলো সময়সূচির প্রজ্ঞাপন ও স্থানীয় বিজ্ঞপ্তিতে উল্লেখ করতে হবে।

৯। **চেয়ারম্যান পদে দলীয় মনোনয়নঃ** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১৫ (২৫ সনের ২৮ নং আইন) আইন অনুসারে চেয়ারম্যান পদে দলীয়ভাবে মনোনয়নের বিধান রয়েছে। এ প্রসঙ্গে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) বিধিমালা, ২০১০ এর বিধি ১২ এর উপবিধি (৩) এর দফা (ঈ) নিম্নে উদ্ধৃত করা হলোঃ

> "(ঈ) রাজনৈতিক দলের চেয়ারম্যান প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে;
>
> তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;
>
> আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ০৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে;"

উক্ত বিধান অনুসারে নিবন্ধিত রাজনৈতিক দল চেয়ারম্যান পদে মনোনয়পত্র (ফরম-১) এর সংযুক্তি-১ অনুসারে মনোনয়ন প্রদান করবেন। নিবন্ধিত রাজনৈতিক দলের প্রতীকসহ তালিকা এতদসংগে প্রেরণ করা হলো (পরিশিষ্ট-ঘ)।

১০। **প্রার্থির প্রস্তাবক ও সমর্থকঃ** বিধি ১২ এর উপবিধি (১) অনুসারে (১)চেয়ারম্যান নির্বাচনের উদ্দেশ্যে, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের অন্য কোন ভোটার, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২৬(১) এর অধীন চেয়ারম্যান নির্বাচিত হওবার যোগ্যতাসম্পন্ন যে কোন ব্যক্তির নাম প্রস্তাব করতে বা অনুরুপ প্রস্তাব সমর্থন করতে পারবেন। উপবিধি (২) ধারা ২৬(১) এর অধীন সদস্যরুপে নির্বাচিত হওবার যোগ্যতা থাকলে-

(ক) ধারা ১০ এ উল্লিখিত সংরক্ষিত আসনের সদস্য পদের জন্য ধারা ৩ এর অধীন বিভক্তিকৃত কোন সমন্বিত ওয়ার্ডের যে কোন ভোটার উক্ত সমন্বিত ওয়ার্ডের সংরক্ষিত আসনের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে যে কোন মহিলার নাম প্রস্তাব করতে বা অনুরুপ প্রস্তাব সমর্থন করতে পারবেন;

(খ) ধারা ১০ এ উল্লিখিত নির্ধারিত সংখ্যক সদস্য পদের জন্য ধারা ৩ এর অধীন বিভক্তিকৃত কোন ওয়ার্ডের যে কোন ভোটার উক্ত ওয়ার্ডের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে অন্য কোন ব্যক্তির নাম প্রস্তাব করতে বা অনুরুপ প্রস্তাব সমর্থন করতে পারবেন।

তবে, উপবিধি (৪) অনুসারে কোন ভোটার প্রস্তাবকারী হিসেবে অথবা সমর্থনকারী হিসেবে চেয়ারম্যান অথবা সংরক্ষিত আসনের সদস্য বা সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট পদে একটির অধিক মনোনয়নপত্রে তার নাম ব্যবহার করবেন না এবং যদি কোন ভোটার একই পদে অনুরূপ একাধিক মনোনয়নপত্রে তার নাম ব্যবহার করেন, তা হলে এইরূপ সকল মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। **মনোনয়নপত্র বাছাইয়ের পর আপিল দায়ের ও নিষ্পত্তিঃ** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৪ এর অধীন মনোনয়নপত্র বাছাইয়ের পর বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ বা বাছাইয়ের বিরুদ্ধে সংক্ষুব্ধ প্রার্থী, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি বাছাইয়ের নির্ধারিত তারিখের পরবর্তী ০৩(তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার এর নিকট আপিল দাখিল করতে পারবেন এবং আপিল কর্তৃপক্ষ হিসেবে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ কর্তৃক আপিল দায়েরের নির্ধারিত তারিখের পরবর্তী ০৩(তিন) দিনের মধ্যে আপিল নিষ্পত্তি করার বিধান রয়েছে। উল্লেখ্য যে, ২য় ধাপের ইউনিয়ন পরিষদের নির্বাচনের সময়সূচির আলোকে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল দায়েরের শেষ দিন **২৩ অক্টোবর ২০২১ তারিখ**। দায়েরকৃত আপিল **২৫ অক্টোবর তারিখের মধ্যে নিষ্পত্তি করার জন্য** মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

১২। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** বিধি ১৯ অনুসারে রিটার্নিং অফিসার সময়সূচি মোতাবেক প্রতীক বরাদ্দ করিবেন। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে তা যাচাই করে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। প্রতীক বরাদ্দের পর প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রচার সামগ্রী যাচাই করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং সিনিয়র/জেলা নির্বাচন অফিসার যাচাই করবেন। সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা এ বিষয়ক কার্যক্রম গুরুত্বের সাথে তত্ত্বাবধান করবেন।

১৩। **স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালন:** স্বাস্থ্য বিধি ও সরকারি নির্দেশনা প্রতিপালনের মাধ্যমে জনস্বাস্থ্য নিশ্চিত করে নির্বাচনি প্রচারণা, ভোটগ্রহণ ও নির্বাচনি অন্যান্য কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান এবং ইতঃপূর্বে অনুষ্ঠিত জাতীয় সংসদের শূন্য আসনের নির্বাচন উপলক্ষে প্রদত্ত নির্দেশনার আলোকে প্রচার কার্যে নিষেধাজ্ঞা আরোপ ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৪। **রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলঃ** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ অনুসারে মনোনয়নপত্র দাখিলের দিন প্রার্থী নিজে অথবা তার প্রস্তাবক অথবা তার সমর্থক রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল করতে পারবেন। মনোনয়নপত্র দাখিলের পর পরই রিটার্নিং অফিসার মনোনয়নপত্র গ্রহণের দিন ও সময় উল্লেখ করে মনোনয়নপত্র দাখিলকারীকে একটি রসিদ (প্রাপ্তি স্বীকার পত্র) প্রদান করবেন। উক্ত রসিদে কোথায়, কোন তারিখ ও কোন সময়ে মনোনয়নপত্র বাছাইয়ের স্থান, তারিখ ও সময় উল্লেখ থাকবে। এই রসিদ মনোনয়নপত্রের সাথে সংযোজিত রয়েছে।

১৫। **মনোনয়নপত্র ও তার সাথে দাখিলকৃত কাগজাদিঃ** আইনের ধারা ২৬ এর বিধান সাপেক্ষে, বিধিমালার বিধি ১২ এর উপবিধি (৩) অনুসারে-

(ক) চেয়ারম্যান নির্বাচনের জন্য ফরম 'ক', সংরক্ষিত ওয়ার্ডের সদস্য নির্বাচনের জন্য ফরম 'ক-১' এবং সাধারণ ওয়ার্ডের সদস্য নির্বাচনের জন্য ফরম 'ক-২' অনুসারে মনোনয়নপত্র দাখিল করতে হবে। ইউনিয়ন পরিষদ নির্বাচনে কমপক্ষে ২ সেট মনোনয়নপত্র দাখিল করতে হবে।

(খ) মনোনয়নপত্র প্রস্তাবকারী এবং সমর্থনকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে; এবং

(গ) মনোনয়নপত্র নিম্নবর্ণিত কাগজপত্রসহ দাখিল করতে হবে, যথা:-

(অ) বিধি ১৩ অনুসারে জামানতের টাকা জমাদানের প্রমাণ হিসেবে রিটার্নিং অফিসারের অনুকূলে প্রদেয় ব্যাংক ড্রাফট অথবা ট্রেজারি চালান বা পে-অর্ডার;

(আ) উক্ত মনোনয়নে সংশ্লিষ্ট প্রার্থী সম্মত আছেন এবং নির্বাচনে অংশগ্রহণের ক্ষেত্রে আইনের ধারা ২৬(২) বা আপাতত বলবৎ অন্য কোন আইনে তিনি অযোগ্য নন মর্মে তাঁর স্বাক্ষরিত প্রত্যয়নপত্র; এবং

(ই) প্রস্তাবকারী ও সমর্থনকারীদের কেহ প্রস্তাবকারী বা সমর্থনকারী হিসেবে একই পদে অন্য কোন মনোনয়নপত্রে স্বাক্ষর দান করেন নাই;

(ঈ) চেয়ারম্যান পদের ক্ষেত্রে নিবন্ধিত রাজনৈতিক দলের প্রার্থী হলে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাদের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, স্বাক্ষর ও সিলমোহরযুক্ত দলীয় মনোনয়ন।

১৬। **মনোনয়নপত্র দাখিলোত্তর করণীয়ঃ** প্রতিটি মনোনয়নপত্র সংশ্লিষ্ট প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী কর্তৃক উহা দাখিলের নির্ধারিত একটি তারিখে বা উহার পূর্বে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে এবং রিটার্নিং অফিসার উহা প্রাপ্তির তারিখ ও সময় মনোনয়নপত্রের উপর লিপিবদ্ধ করিয়া প্রাপ্তি স্বীকারপত্র প্রদান করিবেন। তাছাড়া-

(ক) কোন ব্যক্তি একই নির্বাচনি এলাকার জন্য একাধিক মনোনয়নপত্র দাখিল করিতে পারিবেন এবং মনোনয়নপত্র রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে।

(খ) কোন ব্যক্তি একাধিক মনোনয়নপত্রে স্বাক্ষর দান করিলে রিটার্নিং অফিসার কর্তৃক প্রাপ্ত প্রথম বৈধ মনোনয়নপত্র ব্যতীত অন্য সকল মনোনয়নপত্র বাতিল হইয়া যাইবে।

(গ) রিটার্নিং অফিসার প্রত্যেক মনোনয়নপত্রে একটি ক্রমিক নম্বর দিবেন এবং উহাতে দাখিলকারীর নাম এবং প্রাপ্তির তারিখ ও সময় লিপিবদ্ধ করিবেন এবং তিনি কখন ও কোথায় মনোনয়নপত্র বাছাই করিবেন তাহা উক্ত ব্যক্তিকে অবহিত করিবেন।

উল্লিখিত বিষয়াদি প্রার্থীদের জানিয়ে দিতে হবে।

১৭। **মনোনয়নপত্র দাখিলকারীদের তালিকা প্রস্তুতঃ** রিটার্নিং অফিসার কর্তৃক চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য পদের মনোনয়নপত্র দাখিলকারীদের তথ্যাদি ফরম-গ অনুসারে প্রস্তুত করে তাঁর কার্যালয়ে সহজে দৃষ্টিগোচর হয় এমন কোন স্থানে টাংগিয়ে দিবেন। প্রস্তুতকৃত তালিকা ব্যাংক কর্তৃপক্ষ বা অন্যদের প্রয়োজনে সরবরাহ করবেন।

১৮। **জামানতঃ** ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে জামানত হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং সদস্য নির্বাচনের ক্ষেত্রে (সংরক্ষিত ওয়ার্ডের সদস্য/সাধারণ ওয়ার্ডের সদস্য) ১,০০০/- (এক হাজার) টাকা রিটার্নিং অফিসারের অনকূলে জমাদানের প্রমাণস্বরূপ ট্রেজারি চালান বা কোন তফসিলি ব্যাংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট রিটার্নিং অফিসার প্রদত্ত রসিদ জমা দিতে হবে। কোন প্রার্থীর অনুকূলে একাধিক মনোনয়নপত্র দাখিল হলে, একাধিক জামানতের প্রয়োজন হবে না;

(১) বিধিমালার বিধি ১৩ এর উপবিধি (১) এ উল্লিখিত টাকা জমা দেয়া না হলে, রিটার্নিং অফিসার কোন মনোনয়নপত্র গ্রহণ করবেন না।

(২) রিটার্নিং অফিসার জমাকৃত টাকা সম্পর্কিত তথ্যাদি ফরম 'খ' অনুসারে রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

(৩) প্রার্থী জামানতের টাকা "১/০৬০১/০০০১/৮৪৭৩" কোডে জমা দিবেন।

১৯। **মনোনয়নপত্র বাছাইঃ** (১) রিটার্নিং অফিসার বিধি ১৪ অনুসারে সকল মনোনয়নপত্র বাছাই করবেন। মনোনয়নপত্রসমূহ বাছাই করার সময় প্রার্থীগণ, তাদের নির্বাচনি এজেন্ট, প্রস্তাবকারী ও সমর্থনকারী এবং প্রত্যেক প্রার্থী কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি উপস্থিত থাকতে পারবেন এবং রিটার্নিং অফিসার বিধি ১২ এর অধীন তার নিকট দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ পরীক্ষার জন্য তাদেরকে যুক্তিসংগত সুযোগ প্রদান করবেন।

(২) রিটার্নিং অফিসার বিধি ১৪ এর উপবিধি (১) এর অধীন বাছাইয়ের সময় উপস্থিত ব্যক্তিগণের সম্মুখে মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করবেন এবং উক্তরূপ কোন ব্যক্তি কর্তৃক কোন মনোনয়ন পত্রের ক্ষেত্রে উত্থাপিত আপত্তি নিষ্পত্তি করবেন।

(৩) মনোনয়নপত্রসমূহ বাছাই এর প্রাক্কালে যাতে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা/প্রতিনিধি ঋণ খেলাপিদের তথ্য নিয়ে, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ফৌজদারি মামলা সম্পর্কিত তথ্য নিয়ে, জাতীয় রাজস্ব বোর্ডের স্থানীয় প্রতিনিধি সম্পদ বিবরণীর তথ্যসহ, স্থানীয় ইউনিয়ন পরিষদ প্রতিনিধিদের আর্থিক সংশ্লেষ আছে এমন ব্যক্তিদের তথ্য নিয়ে বা ঠিকাদারদের তালিকা নিয়ে রিটার্নিং অফিসারের কার্যালয়ে উপস্থিত থাকেন, সে জন্য রিটার্নিং অফিসার কর্তৃক তাঁদের/তাঁদের প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করতে হবে। উল্লিখিত ব্যক্তিবর্গের প্রদত্ত তথ্যের ভিত্তিতে মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করতে হবে।

২০। **মনোনয়নপত্র বাছাই এর সময় রিটার্নিং অফিসার কর্তৃক যাচাই-বাছাইয়ের বিষয় ও দলিলাদিঃ** ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক কোন ব্যক্তিকে ঋণ খেলাপি হিসেবে চিহ্নিত করলে আইনের ২০ ধারার (২) উপ-ধারার (ঠ), (ঢ) (ণ) অনুসারে আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হয়ে সাজাপ্রাপ্ত হয়ে ৫ বৎসর অতিবাহিত না হয়ে থাকে, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ঠিকাদার বা আর্থিক সংশ্লেষ আছে এমন ব্যক্তিদের এবং যারা সাজাপ্রাপ্ত হয়েছেন রিটার্নিং অফিসার তাঁদের মনোনয়নপত্র বাতিল করে দিবেন। এছাড়াও রাজনৈতিক দলের মনোনীত চেয়ারম্যান প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি, সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত প্রত্যয়নপত্র যাচাই করতে হবে। কোন রাজনৈতিক দল কোন ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করতে পারবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

২১। **মনোয়নপত্র বাছাইকালে রিটার্নিং অফিসারকে সহায়তা প্রদানঃ** মনোনয়নপত্র বাছাইকালে সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এলাকাভুক্ত উপজেলা নির্বাচন অফিসারগণ রিটার্নিং অফিসারকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন। তাছাড়া মনোনয়নপত্র গ্রহণ ও বাছাইকালে এবং অন্যান্য সময়ে রিটার্নিং অফিসারের সাথে প্রয়োজনে স্থানীয় প্রশাসনের অথবা অন্য মন্ত্রণালয় অথবা বিভাগের কয়েকজন কর্মকর্তাকে সহায়তাকারী কর্মকর্তা হিসেবে নিয়োজিত করতে পারবেন। উক্ত কর্মকর্তা নিয়োজিত করার পূর্বেই প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে।

২২। **মনোনয়নপত্র বাতিলের পদ্ধতিঃ** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১৪ বিধির (৩) উপবিধি অনুসারে রিটার্নিং অফিসার স্বউদ্যোগে অথবা বিধি ১৪ এর উপবিধি (১) এ উল্লিখিত কোন ব্যক্তির আপত্তির প্রেক্ষিতে তদ্‌বিবেচনায় উপযুক্ত অথবা সংক্ষিপ্ত তদন্ত অনুষ্ঠানের পর যে কোন মনোনয়নপত্র বাতিল করতে পারবেন, যদি তিনি সন্তুষ্ট হন যে,-

(ক) প্রার্থী চেয়ারম্যান বা সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য হিসেবে মনোনীত হওয়ার যোগ্য নহেন; বা

(খ) প্রস্তাবকারী বা সমর্থনকারী মনোনয়নপত্রে স্বাক্ষর করার যোগ্য নহেন; বা

(গ) বিধি ১২ বা বিধি ১৩ এর কোন বিধান পালন করা হয়নি; বা

(ঘ) প্রস্তাবকারী বা সমর্থনকারীর স্বাক্ষর সঠিক নয়;

তবে,

(অ) বাতিলকৃত কোন মনোনয়নপত্র কোন প্রার্থীর বৈধ মনোনয়নপত্রকে অবৈধ করবে না;

(আ) রিটার্নিং অফিসার গুরুতর নয় এরূপ কোন ত্রুটির কারণে কোন মনোনয়নপত্র বাতিল করবেন না এবং অনুরূপ ত্রুটি অবিলম্বে সংশোধন করার জন্য সুযোগ প্রদান করতে পারবেন; এবং

(ই) রিটার্নিং অফিসার ভোটার তালিকায় লিপিবদ্ধ কোন বিষয়ের শুদ্ধতা বা বৈধতা সম্পর্কে তদন্ত করতে পারবেন না।

২৩। **মনোনয়নপত্র গ্রহণ বা বাতিলের সিদ্ধান্ত লিপিবদ্ধকরণঃ** রিটার্নিং অফিসার প্রতিটি মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল করে তার সিদ্ধান্ত প্রত্যয়ন করবেন এবং বাতিলের ক্ষেত্রে উহার কারণ সম্পর্কে একটি সংক্ষিপ্ত বর্ণনা লিপিবদ্ধ করবেন।

২৪। **সাপ্তাহিক ও সরকারী ছুটির দিনে অফিস খোলা রাখাঃ** ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ পর্যন্ত এবং মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ হতে ভোটগ্রহণের দিন পর্যন্ত শুক্রবার ও শনিবারসহ সকল সরকারী ছুটির দিনে ও কার্যদিবসে সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত এবং প্রয়োজনবোধে বিকাল ৫.০০ টার পরেও রিটার্নিং অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারের কার্যালয় এবং আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়সহ নির্বাচন সংশ্লিষ্ট সকল অফিস খোলা রেখে কার্যক্রম গ্রহণ করবেন। সেই সাথে জরুরী প্রয়োজনে অন্যান্য সরকারী, স্বায়ত্তশাসিত অফিস/প্রতিষ্ঠান এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান খোলা রেখে উল্লিখিত কাজে সহায়তা প্রদানের জন্যও অনুরোধ জানাতে হবে।

২৫। **মাননীয় আদালতের নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ/আদেশ প্রতিপালনঃ** (ক) কোন ইউনিয়নের চেয়ারম্যান বা ওয়ার্ড এর সদস্য পদের নির্বাচনের বা প্রার্থিতার বিষয়ে মাননীয় আদালত কোন আদেশ প্রদান করলে আদেশ অনুসারে রিটার্নিং অফিসার ব্যবস্থা গ্রহণ করবেন। তবে মাননীয় আদালতের আদেশ সম্পর্কে নিশ্চিত হয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাননীয় আদালতের আদেশের উপর ভিত্তি করে বিজ্ঞ এডভোকেট কোন প্রত্যয়ন পত্র প্রদান করলে প্রত্যয়ন পত্রে উল্লিখিত আদেশ নিশ্চিত হয়ে প্রয়োজনে প্রত্যয়নপত্র প্রদানকারী এডভোকেটের সহিত আলাপ করে নিশ্চিত হতে হবে। মাননীয় আদালতের আদেশ বিজ্ঞ এডভোকেটের প্রদত্ত প্রত্যয়নপত্র গ্রহণযোগ্য হবে। মাননীয় আদালতের আদেশ প্রতিপালন করে তা অবশ্যই লিখিতভাবে নির্বাচন কমিশন সচিবালয়কে জানাতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার/রিটার্নিং অফিসার অত্র সচিবালয়ের আইন অনুবিভাগের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে পারে।

(খ) **ইভিএম এর মাধ্যমে নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে** কোন ইউনিয়নের চেয়ারম্যান বা ওয়ার্ড এর সদস্য পদের নির্বাচনের বা প্রার্থিতার বিষয়ে মাননীয় আদালত কোন আদেশ প্রদান করলে চেয়ারম্যান পদের ক্ষেত্রে সম্পূর্ণ ইউনিয়নের নির্বাচন, সংরক্ষিত ওয়ার্ডের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংরক্ষিত ওয়ার্ড এবং সাধারণ ওয়ার্ডের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাধারণ ওয়ার্ডের কেন্দ্রসমূহের নির্বাচন স্থগিত করার জন্য রিটার্নিং অফিসার নির্বাচন কমিশন সচিবালয়ের সাথে যোগাযোগ করে ব্যবস্থা গ্রহণ করবেন।

২৬। **সম্ভাব্য প্রার্থীদের নিয়ে বৈঠক অনুষ্ঠানঃ** ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিলের পূর্বে সম্ভাব্য প্রার্থীদের নিয়ে একটি বৈঠক অনুষ্ঠান করা যেতে পারে। উক্ত বৈঠকে মনোনয়নপত্র পূরণ, আচরণ বিধির বিভিন্ন বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান, আচরণ বিধি লংঘনের শাস্তি, বিধিমালার বিধিতে বর্ণিত অপরাধসমূহ এবং অপরাধের দন্ড ইত্যাদি সম্মন্ধে ধারণা দিতে হবে। সর্বোপরি উক্ত বৈঠকে সকলকে সহযোগিতার আহবান জানাতে হবে। চেয়ারম্যান প্রার্থীগণ তাদের নির্বাচনি সমুদয় ব্যয় একটি নির্দিষ্ট ব্যাংক একাউন্ট হতে খরচ করতে হবে এবং নির্বাচনি ব্যয়ের রিটার্নের সাথে ব্যাংক বিবরণীও দেয়ার বিষয়টি জানিয়ে দিতে হবে। এইক্ষেত্রে চেয়ারম্যান প্রার্থীদের একটি ভিন্ন ব্যাংক একাউন্ট খুলতে হবে যা মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। তবে সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য প্রার্থীদের ব্যাংক একাউন্ট খুলতে হবে না বা নির্বাচনি ব্যয়ের রিটার্ন জমা দিতে হবে না। সম্ভাব্য প্রার্থীদের উক্ত বৈঠক অনুষ্ঠানে সংশ্লিষ্ট জেলা প্রশাসক, পুলিশ সুপার, সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাহী অফিসার, ভারপ্রাপ্ত কর্মকর্তা, রিটার্নিং অফিসারগণ উপস্থিত থাকতে পারেন এবং দিক নির্দেশনা দিবে।

২৭। **ভোটার তালিকার সিডি বিক্রয়ঃ** আগ্রহী প্রার্থীকে মনোনয়নপত্র সংগ্রহের সময় ছবিছাড়া ভোটার তালিকার ইলেকট্রনিক কপি ৫০০ (পাঁচশত) টাকা পরিশোধ সাপেক্ষে সরবরাহ করা যাবে। ৫০০(পাঁচশত) টাকা হারে চালান বা পে অর্ডার জমা দিয়ে রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহ করতে হবে। ভোটার তালিকা সিডি ক্রয়ের অর্থ চালানে জমা দানের কোড **০১-০৬০১-০০০১-২৬৩১।** তবে কোন কারণে সম্পূরক সিডি প্রদানের প্রয়োজন হলে পুনরায় অর্থ গ্রহণ করা যাবে না।

২৮। **মনোনয়নপত্রের সাথে আচরণ বিধির কপি প্রদানঃ** ইউনিয়ন পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর কপি এতদসংগে সংযুক্ত করা হলো **(পরিশিষ্ট-ঙ)**। মনোনয়নপত্র সংগ্রহের সময় আচরণ বিধির কপি সংশ্লিষ্ট মনোনয়নপত্র গ্রহণকারীকে মনোনয়নপত্রের সাথে প্রদান করতে হবে।

২৯। **দেয়াল লিখন, পোস্টার ইত্যাদি মুছে/উঠিয়ে ফেলাঃ** যেহেতু ইতোমধ্যে দেশব্যাপী ৮৪৮টি ইউনিয়ন পরিষদসমূহের নির্বাচনি তফসিল ঘোষণা করা হয়েছে। ইতোমধ্যে যারা বা যাদের পক্ষে দেয়াল লিখন, পোস্টার ইত্যাদি লাগানো হয়েছে বা নববর্ষের শুভেচ্ছা, ঈদের শুভেচ্ছা বা ধর্মীয় অনুষ্ঠান বা অন্য কোন উপলক্ষে প্রচারণার আঙ্গিকে কার্যক্রম গ্রহণ করেছে তা ১৭ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে নিজ দায়িত্বে মুছে বা তুলে ফেলার জন্য নির্বাচন কমিশন নির্দেশনা দিয়েছেন। ১৭ অক্টোবর ২০২১ তারিখের পরে পোস্টার বা দেয়াল লিখন পাওয়া গেলে তার ছবি তারিখসহ তুলে রাখতে হবে এবং মনোনয়নপত্র দাখিল করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। একইভাবে পরবর্তীতে নির্দেশনা ও কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩০। **বিভিন্ন পরিপত্র, নির্দেশনা ইত্যাদি রিটার্নিং অফিসারকে সরবরাহ করাঃ** ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন হতে যে সকল পরিপত্র, আদেশ, নির্দেশ ইত্যাদি জারি করা হবে তা ইন্টারনেট এর মাধ্যমে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন অফিসার, উপজেলা নির্বাচন অফিসারদের নিকট এবং বিভাগীয় কমিশনার, উপমহাপুলিশ পরিদর্শক, জেলা প্রশাসক, পুলিশ সুপার এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রেরণ করা হবে। সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার বা উপজেলা নির্বাচন অফিসারগণ উক্ত পরিপত্র, আদেশ, নির্দেশ, ফরম ইত্যাদি প্রিন্ট করে প্রয়োজনীয় সংখ্যক কপি করে রিটার্নিং অফিসার এবং সংশ্লিষ্ট অন্যান্যদেরকে প্রদান করবেন। ফ্যাক্স বা ডাকযোগে এত অধিক পরিমান পাঠানো সম্ভব হবে না বিধায় এই ব্যবস্থায় প্রেরণ করা হবে। কোন উপজেলায় ইন্টারনেট সুবিধা না থাকলে সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ প্রিন্ট বের করে কুরিয়ার সার্ভিসে বা বিশেষ বাহক মারফত উপজেলা নির্বাচন অফিসার এবং রিটার্নিং অফিসার ও অন্যান্য সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করবেন।

৩১। **অন্যান্য নির্দেশনাঃ** উল্লিখিত সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে :

(১) ইতোপূর্বে জারিকৃত পরিপত্র ২-৭ ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক সার্বিক কার্যক্রম গ্রহণ করতে হবে;

(২) নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে ভোটকেন্দ্র স্থাপনের কার্যক্রম সম্পন্ন করা;

(৩) ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা, ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে আইসিটি ও প্রযুক্তি জ্ঞান সম্পন্ন কর্মকর্তা/কর্মচারীদের অগ্রাধিকার দেয়া;

(৪) নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটের নির্দেশনায় ইভিএম ব্যবহার ও ভোটগ্রহণ প্রক্রিয়া বিষয়ক ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং অন্যান্য প্রশিক্ষণের আয়োজন করা;

(৫) পার্বত্য এলাকায় হেলিসটি সহযোগিতা প্রয়োজন হলে এ বিষয়ক প্রস্তাবনা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ;

(৬) ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে নির্বাচনের সার্বিক পরিবেশ পরিস্থিতি সম্পর্কিত তথ্য সংগ্রহ ও পরিবেশন তথা বেসরকারি প্রাথমিক ফলাফল সংগ্রহের জন্য ব্যবস্থা গ্রহণ;

(৭) সাপ্তাহিক/সরকারি ছুটির দিন ও অফিস সময়ের পরে কতিপয় গুরুত্বপূর্ণ কার্যক্রম যেমন-মনোনয়নপত্র দাখিল/গ্রহণ এবং মনোনয়নপত্র বাছাইয়ের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের/গ্রহণ, প্রার্থীতা প্রত্যাহার সংক্রান্ত কার্যাদি সাধারণ কার্যদিবসের ন্যায় **সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি.** পর্যন্ত অব্যাহত রাখা;

(৮) ভোটগ্রহণ সম্পন্ন হওয়ার পরে নির্বাচনি মালামাল সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের দায়িত্বে রাখতে হবে।

৩২। **প্রাপ্তি স্বীকারঃ** এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হল।

২৯/০৯/২০২১

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
e-mail: ecsemc2@gmail.com

সংলগ্নীঃ উপরে বর্ণিত

বিতরণ: ১। জেলা প্রশাসক, -------------------------------(সংশ্লিষ্ট)
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, -------(সংশ্লিষ্ট)
৩। উপজেলা নির্বাহী অফিসার, -----------------------------------(সংশ্লিষ্ট)
৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ----------------------------(সংশ্লিষ্ট)
৫। --------------------------------------ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৬.২১-৩৪০

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮ / ২৯ সেপ্টেম্বর ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব,......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৭. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, ......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. বিভাগীয় কমিশনার, .......................... (সংশ্লিষ্ট) বিভাগ
১৩. পুলিশ কমিশনার, ..........................(সংশ্লিষ্ট)
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট)
১৯. পুলিশ সুপার, ............................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৫. অফিসার-ইন-চার্জ, ....................................................(সংশ্লিষ্ট) থানা।

২৯/০৯/২০২১

**(মোহাম্মদ আশফাকুর রহমান)**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

পরিশিষ্ট-ক

## ২য় ধাপে ১১ নভেম্বর ২০২১ তারিখে নির্ধারিত নির্বাচনের জন্য ইউনিয়নের তালিকা (সংশোধিত)

(মন্তব্য কলামে 'E' চিহ্নিত ইউনিয়নসমূহে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে)

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| রংপুর | পঞ্চগড় | তেঁতুলিয়া | ১. বাংলাবান্ধা | |
| রংপুর | পঞ্চগড় | তেঁতুলিয়া | ২. তিরনইহাট | |
| রংপুর | পঞ্চগড় | তেঁতুলিয়া | ৩. তেঁতুলিয়া | |
| রংপুর | পঞ্চগড় | তেঁতুলিয়া | ৪. শালবাহান | |
| রংপুর | পঞ্চগড় | তেঁতুলিয়া | ৫. বুড়াবুড়ি | |
| রংপুর | পঞ্চগড় | তেঁতুলিয়া | ৬. ভজনপুর | |
| রংপুর | পঞ্চগড় | তেঁতুলিয়া | ৭. দেবনগর | |
| রংপুর | ঠাকুরগাঁও | রাণীশংকৈল | ৮. ধর্মগড় | |
| রংপুর | ঠাকুরগাঁও | রাণীশংকৈল | ৯. নেকমরদ | |
| রংপুর | ঠাকুরগাঁও | রাণীশংকৈল | ১০. লেহেম্বা | |
| রংপুর | ঠাকুরগাঁও | রাণীশংকৈল | ১১. কাশিপুর | |
| রংপুর | ঠাকুরগাঁও | রাণীশংকৈল | ১২. রাতোর | |
| রংপুর | ঠাকুরগাঁও | হরিপুর | ১৩. গেদুড়া | |
| রংপুর | ঠাকুরগাঁও | হরিপুর | ১৪. আমগাঁও | |
| রংপুর | ঠাকুরগাঁও | হরিপুর | ১৫. বকুয়া | |
| রংপুর | ঠাকুরগাঁও | হরিপুর | ১৬. ডাঙ্গীপাড়া | |
| রংপুর | ঠাকুরগাঁও | হরিপুর | ১৭. হরিপুর | |
| রংপুর | ঠাকুরগাঁও | হরিপুর | ১৮. ভাতুরিয়া | |
| রংপুর | দিনাজপুর | হাকিমপুর | ১৯. খট্টামাধবপাড়া | |
| রংপুর | দিনাজপুর | হাকিমপুর | ২০. বোয়ালদাড় | |
| রংপুর | দিনাজপুর | হাকিমপুর | ২১. আলীহাট | |
| রংপুর | দিনাজপুর | বোচাগঞ্জ | ২২. নাফানগর | |
| রংপুর | দিনাজপুর | বোচাগঞ্জ | ২৩. ইশানিয়া | |
| রংপুর | দিনাজপুর | বোচাগঞ্জ | ২৪. মুশিদহাট | |
| রংপুর | দিনাজপুর | বোচাগঞ্জ | ২৫. আটগাঁও | E |
| রংপুর | দিনাজপুর | বোচাগঞ্জ | ২৬. ছাতইল | |
| রংপুর | দিনাজপুর | বোচাগঞ্জ | ২৭. রণগাঁও | |
| রংপুর | নীলফামারী | সদর | ২৮. চওড়া বড়গাছা | |
| রংপুর | নীলফামারী | সদর | ২৯. গোড়গ্রাম | |
| রংপুর | নীলফামারী | সদর | ৩০. পলাশবাড়ী | |
| রংপুর | নীলফামারী | সদর | ৩১. রামনগর | |
| রংপুর | নীলফামারী | সদর | ৩২. কচুকাটা | |
| রংপুর | নীলফামারী | সদর | ৩৩. পঞ্চপুকুর | |
| রংপুর | নীলফামারী | সদর | ৩৪. সোনারায় | |
| রংপুর | নীলফামারী | সদর | ৩৫. সংগলশী | |
| রংপুর | নীলফামারী | সদর | ৩৬. চড়াইখোলা | |
| রংপুর | নীলফামারী | সদর | ৩৭. চাপড়া সরমজানী | |
| রংপুর | নীলফামারী | সদর | ৩৮. লক্ষীচাপ | |
| রংপুর | লালমনিরহাট | আদিতমারী | ৩৯. দূর্গাপুর | |
| রংপুর | লালমনিরহাট | আদিতমারী | ৪০. ভেলাবাড়ী | |
| রংপুর | লালমনিরহাট | আদিতমারী | ৪১. কমলাবাড়ী | |
| রংপুর | লালমনিরহাট | আদিতমারী | ৪২. সারপুকুর | |
| রংপুর | লালমনিরহাট | আদিতমারী | ৪৩. সাপ্টিবাড়ী | |
| রংপুর | লালমনিরহাট | আদিতমারী | ৪৪. ভাদাই | |
| রংপুর | লালমনিরহাট | আদিতমারী | ৪৫. পলাশী | |
| রংপুর | লালমনিরহাট | আদিতমারী | ৪৬. মহিষখোচা | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| রংপুর | রংপুর | পীরগঞ্জ | ৪৭. চৈত্রকোল | |
| রংপুর | রংপুর | পীরগঞ্জ | ৪৮. চতরা | |
| রংপুর | রংপুর | পীরগঞ্জ | ৪৯. মদনখালী | E |
| রংপুর | রংপুর | পীরগঞ্জ | ৫০. কাবিলপুর | |
| রংপুর | রংপুর | পীরগঞ্জ | ৫১. শানেরহাট | |
| রংপুর | রংপুর | পীরগঞ্জ | ৫২. পাঁচগাছী | |
| রংপুর | রংপুর | পীরগঞ্জ | ৫৩. ভেন্ডাবাড়ী | |
| রংপুর | রংপুর | পীরগঞ্জ | ৫৪. বড় দরগা | |
| রংপুর | রংপুর | পীরগঞ্জ | ৫৫. কুমেদপুর | |
| রংপুর | রংপুর | পীরগঞ্জ | ৫৬. টুকুরিয়া | |
| রংপুর | রংপুর | পীরগাছা | ৫৭. পারুল | |
| রংপুর | রংপুর | পীরগাছা | ৫৮. ইটাকুমারী | |
| রংপুর | রংপুর | পীরগাছা | ৫৯. অন্নদানগর | |
| রংপুর | রংপুর | পীরগাছা | ৬০. ছাওলা | |
| রংপুর | রংপুর | পীরগাছা | ৬১. তাম্বুলপুর | |
| রংপুর | রংপুর | পীরগাছা | ৬২. পীরগাছা | |
| রংপুর | রংপুর | পীরগাছা | ৬৩. কৈকুড়ী | |
| রংপুর | রংপুর | পীরগাছা | ৬৪. কান্দি | |
| রংপুর | কুড়িগ্রাম | ভূরুঙ্গামারী | ৬৫. তিলাই | |
| রংপুর | কুড়িগ্রাম | ভূরুঙ্গামারী | ৬৬. পাইকেরছড়া | |
| রংপুর | কুড়িগ্রাম | ভূরুঙ্গামারী | ৬৭. জয়মনিরহাট | |
| রংপুর | কুড়িগ্রাম | ভূরুঙ্গামারী | ৬৮. আন্ধারীঝাড় | |
| রংপুর | কুড়িগ্রাম | ভূরুঙ্গামারী | ৬৯. বলদিয়া | |
| রংপুর | কুড়িগ্রাম | ভূরুঙ্গামারী | ৭০. চরভূরুঙ্গামারী | |
| রংপুর | কুড়িগ্রাম | ভূরুঙ্গামারী | ৭১. বঙ্গসোনাহাট | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৭২. লক্ষিপুর | E |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৭৩. মালিবাড়ী | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৭৪. কুপতলা | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৭৫. সাহাপাড়া | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৭৬. বলম্নমঝাড় | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৭৭. রামচন্দ্রপুর | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৭৮. বাদিয়াখালী | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৭৯. বোয়ালী | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৮০. খোলাহাটী | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৮১. ঘাগোয়া | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৮২. গিদারী | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৮৩. কামারজানী | |
| রংপুর | গাইবান্ধা | গাইবান্ধা সদর | ৮৪. মোলম্নারচর | |
| রাজশাহী | জয়পুরহাট | আক্কেলপুর | ৮৫. গোপিনাথপুর | |
| রাজশাহী | জয়পুরহাট | আক্কেলপুর | ৮৬. রায়কালী | |
| রাজশাহী | জয়পুরহাট | আক্কেলপুর | ৮৭. রুকিন্দিপুর | |
| রাজশাহী | জয়পুরহাট | আক্কেলপুর | ৮৮. সোনামূখী | |
| রাজশাহী | জয়পুরহাট | আক্কেলপুর | ৮৯. তিলকপুর | |
| রাজশাহী | জয়পুরহাট | ক্ষেতলাল | ৯০. আলমপুর | |
| রাজশাহী | জয়পুরহাট | ক্ষেতলাল | ৯১. মামুদপুর | |
| রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ | ৯২. শিবগঞ্জ সদর | E |
| রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ | ৯৩. আটমুল | |
| রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ | ৯৪. বিহার | |
| রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ | ৯৫. বুড়িগঞ্জ | |
| রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ | ৯৬. দেউলী | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ | ৯৭. কিচক | |
| রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ | ৯৮. ময়দানহাটা | |
| রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ | ৯৯. মাঝিহট্ট | |
| রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ | ১০০. পীরব | |
| রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ | ১০১. রায়নগর | |
| রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ | ১০২. সৈয়দপুর | |
| রাজশাহী | বগুড়া | শেরপুর | ১০৩. ভবানীপুর | |
| রাজশাহী | বগুড়া | শেরপুর | ১০৪. বিশালপুর | |
| রাজশাহী | বগুড়া | শেরপুর | ১০৫. খামারকান্দি | |
| রাজশাহী | বগুড়া | শেরপুর | ১০৬. খানপুর | |
| রাজশাহী | বগুড়া | শেরপুর | ১০৭. কুসুম্বি | |
| রাজশাহী | বগুড়া | শেরপুর | ১০৮. মির্জাপুর | |
| রাজশাহী | বগুড়া | শেরপুর | ১০৯. শাহবন্দেগী | |
| রাজশাহী | বগুড়া | শেরপুর | ১১০. সিমাবাড়ি | |
| রাজশাহী | বগুড়া | শেরপুর | ১১১. সুঘাট | |
| রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | গোমস্তাপুর | ১১২. গোমস্তাপুর | E |
| রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | গোমস্তাপুর | ১১৩. বাঙ্গাবাড়ি | |
| রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | গোমস্তাপুর | ১১৪. রাধানগর | |
| রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | গোমস্তাপুর | ১১৫. পার্বতীপুর | |
| রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | গোমস্তাপুর | ১১৬. রহনপুর | |
| রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | গোমস্তাপুর | ১১৭. বোয়ালিয়া | |
| রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | গোমস্তাপুর | ১১৮. আলীনগর | |
| রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | গোমস্তাপুর | ১১৯. চৌডালা | |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১২০. বক্তারপুর | E |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১২১. বলিহার | |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১২২. বর্ষাইল | |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১২৩. বোয়ালিয়া | |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১২৪. শৈলগাছী | |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১২৫. চন্ডিপুর | |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১২৬. দুবলহাটি | |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১২৭. হাপানিয়া | |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১২৮. হাঁসাইগাড়ী | |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১২৯. কীর্ত্তিপুর | |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১৩০. শিকারপুর | |
| রাজশাহী | নওগাঁ | সদর | ১৩১. তিলকপুর | |
| রাজশাহী | নওগাঁ | রানীনগর | ১৩২. বড়গাছা | |
| রাজশাহী | নওগাঁ | রানীনগর | ১৩৩. একডালা | |
| রাজশাহী | নওগাঁ | রানীনগর | ১৩৪. গোনা | |
| রাজশাহী | নওগাঁ | রানীনগর | ১৩৫. কাশিমপুর | E |
| রাজশাহী | নওগাঁ | রানীনগর | ১৩৬. মিরাট | |
| রাজশাহী | নওগাঁ | রানীনগর | ১৩৭. পারইল | |
| রাজশাহী | নওগাঁ | রানীনগর | ১৩৮. কালিগ্রাম | |
| রাজশাহী | নওগাঁ | রানীনগর | ১৩৯. রাণীনগর | |
| রাজশাহী | রাজশাহী | গোদাগাড়ী | ১৪০. গোদাগাড়ী | E |
| রাজশাহী | রাজশাহী | গোদাগাড়ী | ১৪১. মোহনপুর | |
| রাজশাহী | রাজশাহী | গোদাগাড়ী | ১৪২. পাকড়ী | |
| রাজশাহী | রাজশাহী | গোদাগাড়ী | ১৪৩. রিশিকুল | |
| রাজশাহী | রাজশাহী | গোদাগাড়ী | ১৪৪. গোগ্রাম | |
| রাজশাহী | রাজশাহী | গোদাগাড়ী | ১৪৫. মাটিকাটা | |
| রাজশাহী | রাজশাহী | গোদাগাড়ী | ১৪৬. দেওপাড়া | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| রাজশাহী | রাজশাহী | গোদাগাড়ী | ১৪৭. বাসুদেবপুর | |
| রাজশাহী | রাজশাহী | গোদাগাড়ী | ১৪৮. চরআষাড়িয়াদহ | |
| রাজশাহী | রাজশাহী | তানোর | ১৪৯. কলমা | |
| রাজশাহী | রাজশাহী | তানোর | ১৫০. বাধাইড় | |
| রাজশাহী | রাজশাহী | তানোর | ১৫১. পাচন্দর | |
| রাজশাহী | রাজশাহী | তানোর | ১৫২. সরনজাই | |
| রাজশাহী | রাজশাহী | তানোর | ১৫৩. তালন্দ | |
| রাজশাহী | রাজশাহী | তানোর | ১৫৪. কামারগা | |
| রাজশাহী | রাজশাহী | তানোর | ১৫৫. চান্দুড়িয়া | |
| রাজশাহী | নাটোর | বড়াইগ্রাম | ১৫৬. বড়াইগ্রাম | |
| রাজশাহী | নাটোর | বড়াইগ্রাম | ১৫৭. জোনাইল | |
| রাজশাহী | নাটোর | বড়াইগ্রাম | ১৫৮. নগর | |
| রাজশাহী | নাটোর | বড়াইগ্রাম | ১৫৯. গোপালপুর | |
| রাজশাহী | নাটোর | বড়াইগ্রাম | ১৬০. চান্দাই | |
| রাজশাহী | নাটোর | সদর | ১৬১. ছাতনী | |
| রাজশাহী | নাটোর | সদর | ১৬২. তেবাড়িয়া | |
| রাজশাহী | নাটোর | সদর | ১৬৩. দিঘাপতিয়া | |
| রাজশাহী | নাটোর | সদর | ১৬৪. লক্ষীপুর খোলাবাড়িয়া | |
| রাজশাহী | নাটোর | সদর | ১৬৫. বড়হরিশপুর | |
| রাজশাহী | নাটোর | সদর | ১৬৬. কাফুরিয়া | |
| রাজশাহী | নাটোর | সদর | ১৬৭. হালসা | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | সদর | ১৬৮. রতনকান্দি | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | সদর | ১৬৯. বাগবাটী | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | সদর | ১৭০. বহুলী | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | সদর | ১৭১. শিয়ালকোল | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | সদর | ১৭২. খোকশাবাড়ী | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | সদর | ১৭৩. ছোনগাছা | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | সদর | ১৭৪. কালিয়াহরিপুর | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | সদর | ১৭৫. সয়দাবাদ | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | রায়গঞ্জ | ১৭৬. ধামাইনগর | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | রায়গঞ্জ | ১৭৭. সোনাখাড়া | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | রায়গঞ্জ | ১৭৮. ধুবিল | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | রায়গঞ্জ | ১৭৯. ঘুড়কা | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | রায়গঞ্জ | ১৮০. চান্দাইকোনা | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | রায়গঞ্জ | ১৮১. ধানগড়া | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | রায়গঞ্জ | ১৮২. নলকা | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | রায়গঞ্জ | ১৮৩. পাঙ্গাসী | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | রায়গঞ্জ | ১৮৪. ব্রহ্মগাছা | |
| রাজশাহী | পাবনা | সুজানগর | ১৮৫. ভায়না | |
| রাজশাহী | পাবনা | সুজানগর | ১৮৬. সাতবাড়ীয়া | |
| রাজশাহী | পাবনা | সুজানগর | ১৮৭. মানিকহাট | |
| রাজশাহী | পাবনা | সুজানগর | ১৮৮. হাটখালী | |
| রাজশাহী | পাবনা | সুজানগর | ১৮৯. নাজিরগঞ্জ | |
| রাজশাহী | পাবনা | সুজানগর | ১৯০. সাগরকান্দি | |
| রাজশাহী | পাবনা | সুজানগর | ১৯১. তাঁতিবন্দ | |
| রাজশাহী | পাবনা | সুজানগর | ১৯২. দুলাই | |
| রাজশাহী | পাবনা | সুজানগর | ১৯৩. আহম্মদপুর | |
| রাজশাহী | পাবনা | সুজানগর | ১৯৪. রানীনগর | |
| খুলনা | মেহেরপুর | মুজিবনগর | ১৯৫. দারিয়াপুর | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| খুলনা | মেহেরপুর | মুজিবনগর | ১৯৬. মোনাখালী | |
| খুলনা | মেহেরপুর | মুজিবনগর | ১৯৭. বাগোয়ান | E |
| খুলনা | মেহেরপুর | মুজিবনগর | ১৯৮. মহাজনপুর | |
| খুলনা | মেহেরপুর | গাংনী | ১৯৯. কাথুলী | |
| খুলনা | মেহেরপুর | গাংনী | ২০০. তেতুলবাড়ীয়া | |
| খুলনা | মেহেরপুর | গাংনী | ২০১. বামুন্দী | |
| খুলনা | মেহেরপুর | গাংনী | ২০২. মটমুড়া | |
| খুলনা | মেহেরপুর | গাংনী | ২০৩. সাহারবাটি | |
| খুলনা | কুষ্টিয়া | মিরপুর | ২০৪. ফুলবাড়ীয়া | E |
| খুলনা | কুষ্টিয়া | মিরপুর | ২০৫. বারুইপাড়া | |
| খুলনা | কুষ্টিয়া | মিরপুর | ২০৬. আমলা | |
| খুলনা | কুষ্টিয়া | মিরপুর | ২০৭. সদরপুর | |
| খুলনা | কুষ্টিয়া | মিরপুর | ২০৮. পোড়াদহ | |
| খুলনা | কুষ্টিয়া | মিরপুর | ২০৯. কুর্শা | |
| খুলনা | কুষ্টিয়া | মিরপুর | ২১০. মালিহাদ | |
| খুলনা | কুষ্টিয়া | মিরপুর | ২১১. আমবাড়ীয়া | |
| খুলনা | কুষ্টিয়া | মিরপুর | ২১২. বহলবাড়ীয়া | |
| খুলনা | কুষ্টিয়া | মিরপুর | ২১৩. তালবাড়ীয়া | |
| খুলনা | কুষ্টিয়া | মিরপুর | ২১৪. ছাতিয়ান | |
| খুলনা | কুষ্টিয়া | ভেড়ামারা | ২১৫. চাঁদগ্রাম | |
| খুলনা | কুষ্টিয়া | ভেড়ামারা | ২১৬. বাহাদুরপুর | |
| খুলনা | কুষ্টিয়া | ভেড়ামারা | ২১৭. বাহিরচর | |
| খুলনা | কুষ্টিয়া | ভেড়ামারা | ২১৮. ধরমপুর | |
| খুলনা | কুষ্টিয়া | ভেড়ামারা | ২১৯. জুনিয়াদহ | |
| খুলনা | কুষ্টিয়া | ভেড়ামারা | ২২০. মোকরিমপুর | |
| খুলনা | চুয়াডাঙ্গা | দামুড়হুদা | ২২১. জুড়ানপুর | |
| খুলনা | চুয়াডাঙ্গা | দামুড়হুদা | ২২২. কার্পাসডাঙ্গা | |
| খুলনা | চুয়াডাঙ্গা | দামুড়হুদা | ২২৩. কুড়ুলগাছি | |
| খুলনা | চুয়াডাঙ্গা | দামুড়হুদা | ২২৪. দামুড়হুদা | |
| খুলনা | চুয়াডাঙ্গা | জীবননগর | ২২৫. সীমান্ত | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২২৬. এসবিকে | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২২৭. ফতেপুর | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২২৮. পান্তাপাড়া | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২২৯. স্বরুপপুর | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২৩০. শ্যামকুড় | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২৩১. নেপা | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২৩২. কাজিরবেড় | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২৩৩. বাঁশবাড়িয়া | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২৩৪. যাদবপুর | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২৩৫. নাটিমা | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২৩৬. মান্দারবাড়িয়া | |
| খুলনা | ঝিনাইদহ | মহেশপুর | ২৩৭. আজমপুর | |
| খুলনা | যশোর | ঝিকরগাছা | ২৩৮. গঙ্গানন্দপুর | |
| খুলনা | যশোর | ঝিকরগাছা | ২৩৯. মাগুরা | |
| খুলনা | যশোর | ঝিকরগাছা | ২৪০. শিমুলিয়া | |
| খুলনা | যশোর | ঝিকরগাছা | ২৪১. গদখালী | |
| খুলনা | যশোর | ঝিকরগাছা | ২৪২. পানিসারা | |
| খুলনা | যশোর | ঝিকরগাছা | ২৪৩. ঝিকরগাছা | |
| খুলনা | যশোর | ঝিকরগাছা | ২৪৪. নাভারণ | |
| খুলনা | যশোর | ঝিকরগাছা | ২৪৫. নির্বাসখোলা | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| খুলনা | যশোর | ঝিকরগাছা | ২৪৬. হাজিরবাগ | |
| খুলনা | যশোর | ঝিকরগাছা | ২৪৭. শংকরপুর | |
| খুলনা | যশোর | ঝিকরগাছা | ২৪৮. বাঁকড়া | |
| খুলনা | যশোর | চৌগাছা | ২৪৯. ফুলসারা | E |
| খুলনা | যশোর | চৌগাছা | ২৫০. পাশাপোল | |
| খুলনা | যশোর | চৌগাছা | ২৫১. সিংহঝুলি | |
| খুলনা | যশোর | চৌগাছা | ২৫২. ধুলিয়ানী | |
| খুলনা | যশোর | চৌগাছা | ২৫৩. চৌগাছা | |
| খুলনা | যশোর | চৌগাছা | ২৫৪. জগদীশপুর | |
| খুলনা | যশোর | চৌগাছা | ২৫৫. পাতিবিলা | |
| খুলনা | যশোর | চৌগাছা | ২৫৬. হাকিমপুর | |
| খুলনা | যশোর | চৌগাছা | ২৫৭. স্বরুপদাহ | |
| খুলনা | যশোর | চৌগাছা | ২৫৮. নারায়নপুর | |
| খুলনা | যশোর | চৌগাছা | ২৫৯. সুখপুকুরিয়া | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৬০. হাজীপুর | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৬১. আঠারখাদাই | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৬২. কছুন্দি | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৬৩. বগিয়া | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৬৪. হাজরাপুর | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৬৫. রাঘবদা | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৬৬. মঘী | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৬৭. জগদল | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৬৮. চাউলিয়া | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৬৯. শত্রুজিৎপুর | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৭০. বেরইলপলিতা | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৭১. গোপালগ্রাম | |
| খুলনা | মাগুরা | মাগুরা সদর | ২৭২. কুচিয়ামোড়া | |
| খুলনা | নড়াইল | সদর | ২৭৩. আউড়িয়া | |
| খুলনা | নড়াইল | সদর | ২৭৪. চন্ডিবরপুর | |
| খুলনা | নড়াইল | সদর | ২৭৫. হবখালী | |
| খুলনা | নড়াইল | সদর | ২৭৬. শাহাবাদ | |
| খুলনা | নড়াইল | সদর | ২৭৭. মুলিয়া | |
| খুলনা | নড়াইল | সদর | ২৭৮. মাইজপাড়া | |
| খুলনা | নড়াইল | সদর | ২৭৯. তুলারামপুর | |
| খুলনা | নড়াইল | সদর | ২৮০. ভদ্রবিলা | |
| খুলনা | নড়াইল | সদর | ২৮১. বিছালী | |
| খুলনা | নড়াইল | সদর | ২৮২. কলোড়া | |
| খুলনা | নড়াইল | সদর | ২৮৩. সেখহাটি | |
| খুলনা | নড়াইল | সদর | ২৮৪. সিংঙ্গাশোলপুর | |
| খুলনা | নড়াইল | সদর | ২৮৫. বাঁশগ্রাম | |
| খুলনা | বাগেরহাট | সদর | ২৮৬. গোটাপাড়া | |
| খুলনা | বাগেরহাট | সদর | ২৮৭. যাত্রাপুর | |
| খুলনা | বাগেরহাট | সদর | ২৮৮. ষাটগম্বুজ | |
| খুলনা | বাগেরহাট | মোল্লাহাট | ২৮৯. গাংনী | |
| খুলনা | বাগেরহাট | ফকিরহাট | ২৯০. মুলঘর | |
| খুলনা | খুলনা | রুপসা | ২৯১. নৈহাটি | |
| খুলনা | খুলনা | রুপসা | ২৯২. আইচগাতী | |
| খুলনা | খুলনা | রুপসা | ২৯৩. শ্রীফলতলা | |
| খুলনা | খুলনা | রুপসা | ২৯৪. টিএসবাহিরদিয়া | |
| খুলনা | খুলনা | ফুলতলা | ২৯৫. ফুলতলা | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| খুলনা | খুলনা | ফুলতলা | ২৯৬. জামিরা | |
| খুলনা | খুলনা | ফুলতলা | ২৯৭. দামোদর | |
| খুলনা | খুলনা | ফুলতলা | ২৯৮. আটরাগিলাতলা | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ২৯৯. রঘুনাথপুর | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩০০. মাগুরখালী | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩০১. খর্ণিয়া | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩০২. ধামালিয়া | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩০৩. আটলিয়া | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩০৪. ভান্ডারপাড়া | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩০৫. রুদাঘরা | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩০৬. রংপুর | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩০৭. ডুমুরিয়া | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩০৮. শোভনা | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩০৯. শরাফপুর | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩১০. মাগুরাঘোনা | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩১১. গুটুদিয়া | |
| খুলনা | খুলনা | ডুমুরিয়া | ৩১২. সাহস | |
| খুলনা | খুলনা | বটিয়াখাটা | ৩১৩. বটিয়াঘাটা | |
| খুলনা | খুলনা | বটিয়াখাটা | ৩১৪. ভান্ডারকোট | |
| খুলনা | খুলনা | বটিয়াখাটা | ৩১৫. সুরখালী | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩১৬. বাঁশদহা | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩১৭. কুশখালী | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩১৮. বৈকারী | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩১৯. ঘোনা | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩২০. শিবপুর | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩২১. ভোমরা | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩২২. ধুলিহর | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩২৩. ব্রহ্মরাজপুর | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩২৪. আগরদাড়ী | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩২৫. ঝাউডাংগা | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩২৬. বল্লী | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩২৭. লাবসা | |
| খুলনা | সাতক্ষীরা | সদর | ৩২৮. ফিংড়ী | |
| বরিশাল | বরগুনা | বরগুনা সদর | ৩২৯. এমবালিয়াতলী | |
| বরিশাল | পটুয়াখালী | সদর | ৩৩০. লোহালিয়া | |
| বরিশাল | পটুয়াখালী | সদর | ৩৩১. আউলিয়াপুর | |
| বরিশাল | পটুয়াখালী | সদর | ৩৩২. মরিচবুনিয়া | |
| বরিশাল | পটুয়াখালী | সদর | ৩৩৩. মাদারবুনিয়া | |
| বরিশাল | পটুয়াখালী | সদর | ৩৩৪. ছোটবিঘাই | |
| বরিশাল | পটুয়াখালী | সদর | ৩৩৫. বদরপুর | |
| বরিশাল | পটুয়াখালী | সদর | ৩৩৬. বড়বিঘাই | |
| বরিশাল | পটুয়াখালী | বাউফল | ৩৩৭. নওমালা | E |
| বরিশাল | পটুয়াখালী | বাউফল | ৩৩৮. সূর্যমনি | |
| বরিশাল | পটুয়াখালী | দশমিনা | ৩৩৯. বেতাগীসানকিপুর | |
| বরিশাল | পটুয়াখালী | দশমিনা | ৩৪০. দশমিনা | E |
| বরিশাল | পটুয়াখালী | গলাচিপা | ৩৪১. কলাগাছিয়া | |
| বরিশাল | পটুয়াখালী | গলাচিপা | ৩৪২. বকুলবাড়িয়া | |
| বরিশাল | পটুয়াখালী | গলাচিপা | ৩৪৩. গজালিয়া | |
| বরিশাল | পটুয়াখালী | গলাচিপা | ৩৪৪. ডাকুয়া | |
| বরিশাল | পটুয়াখালী | গলাচিপা | ৩৪৫. গলাচিপা | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| বরিশাল | পটুয়াখালী | গলাচিপা | ৩৪৬. পানপট্টি | E |
| বরিশাল | পটুয়াখালী | গলাচিপা | ৩৪৭. চরকাজল | |
| বরিশাল | পটুয়াখালী | গলাচিপা | ৩৪৮. চরবিশ্বাস | |
| বরিশাল | ভোলা | দৌলতখান | ৩৪৯. মদনপুর | |
| বরিশাল | ভোলা | দৌলতখান | ৩৫০. মেদুয়া | |
| বরিশাল | ভোলা | দৌলতখান | ৩৫১. চরপাতা | |
| বরিশাল | ভোলা | দৌলতখান | ৩৫২. উত্তরজয়নগর | |
| বরিশাল | ভোলা | দৌলতখান | ৩৫৩. দক্ষিণ জয়নগর | |
| বরিশাল | ভোলা | দৌলতখান | ৩৫৪. চরখলিফা | E |
| বরিশাল | ভোলা | দৌলতখান | ৩৫৫. ভবানীপুর | |
| বরিশাল | বরিশাল | সদর | ৩৫৬. রায়পাশা কড়াপুর | |
| বরিশাল | বরিশাল | সদর | ৩৫৭. শায়েস্তাবাদ | |
| বরিশাল | বরিশাল | সদর | ৩৫৮. চরমোনাই | |
| বরিশাল | বরিশাল | সদর | ৩৫৯. চরকাউয়া | |
| বরিশাল | বরিশাল | সদর | ৩৬০. চাঁদপুরা | |
| বরিশাল | বরিশাল | সদর | ৩৬১. চন্দ্রমোহন | |
| বরিশাল | বরিশাল | আগৈলঝাড়া | ৩৬২. রাজিহার | |
| বরিশাল | বরিশাল | আগৈলঝাড়া | ৩৬৩. বাকাল | |
| বরিশাল | বরিশাল | আগৈলঝাড়া | ৩৬৪. বাগদা | |
| বরিশাল | বরিশাল | আগৈলঝাড়া | ৩৬৫. গৈলা | |
| বরিশাল | বরিশাল | আগৈলঝাড়া | ৩৬৬. রত্নপুর | |
| বরিশাল | বরিশাল | বানারীপাড়া | ৩৬৭. সৈয়দকাঠী | |
| বরিশাল | পিরোজপুর | ইন্দুরকানী | ৩৬৮. পাড়েরহাট | |
| বরিশাল | পিরোজপুর | ইন্দুরকানী | ৩৬৯. পত্তাশী | |
| বরিশাল | পিরোজপুর | ইন্দুরকানী | ৩৭০. ইন্দুরকানী | |
| বরিশাল | পিরোজপুর | সদর | ৩৭১. শিকদারমল্লিক | |
| বরিশাল | পিরোজপুর | সদর | ৩৭২. দূর্গাপুর | |
| বরিশাল | পিরোজপুর | সদর | ৩৭৩. শংকরপাশা | E |
| বরিশাল | পিরোজপুর | নাজিরপুর | ৩৭৪. দীর্ঘা | |
| বরিশাল | পিরোজপুর | নাজিরপুর | ৩৭৫. শাখারীকাঠী | |
| বরিশাল | পিরোজপুর | নাজিরপুর | ৩৭৬. শ্রীরামকাঠী | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৭৭. কেন্দুয়া | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৭৮. শরিফপুর | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৭৯. লক্ষীরচর | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৮০. তুলশিরচর | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৮১. ইটাইল | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৮২. নরুন্দি | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৮৩. ঘোড়াধাপ | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৮৪. বাঁশচড়া | E |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৮৫. রানাগাছা | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৮৬. শ্রীপুর | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৮৭. শাহবাজপুর | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৮৮. তিতপল্যা | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৮৯. মেষ্টা | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৯০. দিগপাইত | |
| ময়মনসিংহ | জামালপুর | সদর | ৩৯১. রশিদপুর | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৩৯২. কামারেরচর | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৩৯৩. চরশেরপুর | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৩৯৪. বাজিতখিলা | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৩৯৫. গাজিরখামার | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৩৯৬. ধলা | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৩৯৭. পাকুড়িয়া | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৩৯৮. ভাতশালা | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৩৯৯. লছমনপুর | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৪০০. চরমোচারিয়া | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৪০১. বলাইরচর | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৪০২. কামারিয়া | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৪০৩. রৌহা | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৪০৪. বেতমারীঘু ঘুরাকান্দি | |
| ময়মনসিংহ | শেরপুর | সদর | ৪০৫. চরপক্ষীমারী | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | হালুয়াঘাট | ৪০৬. ভুবনকুড়া | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | হালুয়াঘাট | ৪০৭. জুগলী | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | হালুয়াঘাট | ৪০৮. গাজিরভিটা | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | হালুয়াঘাট | ৪০৯. বিলডোরা | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | হালুয়াঘাট | ৪১০. শাকুয়াই | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | হালুয়াঘাট | ৪১১. নড়াইল | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | হালুয়াঘাট | ৪১২. ধারা | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | হালুয়াঘাট | ৪১৩. ধুরাইল | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | হালুয়াঘাট | ৪১৪. আমতৈল | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | হালুয়াঘাট | ৪১৫. স্বদেশী | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ধোবাউড়া | ৪১৬. দক্ষিণমাইজপাড়া | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ধোবাউড়া | ৪১৭. গামারীতলা | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ধোবাউড়া | ৪১৮. ধোবাউড়া | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ধোবাউড়া | ৪১৯. পোড়াকান্দুলিয়া | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ধোবাউড়া | ৪২০. গোয়াতলা | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ধোবাউড়া | ৪২১. ঘোষগাঁও | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ধোবাউড়া | ৪২২. বাঘবেড় | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪২৩. নাওগাঁও | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪২৪. পুটিজানা | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪২৫. কুশমাইল | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪২৬. বালিয়ান | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪২৭. দেওখোলা | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪২৮. ফুলবাড়ীয়া | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪২৯. বাক্তা | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪৩০. রাঙ্গামাটিয়া | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪৩১. এনায়েতপুর | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪৩২. কালাদহ | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪৩৩. রাধাকানাই | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪৩৪. আছিমপাটুলী | |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ফুলবাড়িয়া | ৪৩৫. ভবানীপুর | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | সদর | ৪৩৬. মৌগাতি | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | সদর | ৪৩৭. মেদনী | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | সদর | ৪৩৮. ঠাকুরাকোনা | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | সদর | ৪৩৯. সিংহের বাংলা | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | সদর | ৪৪০. আমতলা | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | সদর | ৪৪১. লক্ষীগঞ্জ | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | সদর | ৪৪২. কাইলাটি | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | সদর | ৪৪৩. দক্ষিণ বিশিউড়া | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ময়মনসিংহ | নেত্রকোণা | সদর | ৪৪৪. চল্লিশা | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | সদর | ৪৪৫. রৌহা | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | সদর | ৪৪৬. কালিয়ারা গাবরাগাতি | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | **সদর** | ৪৪৭. মদনপুর | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | বারহাট্টা | ৪৪৮. বাউসী | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | বারহাট্টা | ৪৪৯. সাহতা | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | বারহাট্টা | ৪৫০. বারহাট্টা | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | বারহাট্টা | ৪৫১. আসমা | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | বারহাট্টা | ৪৫২. চিরাম | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | বারহাট্টা | ৪৫৩. সিংধা | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | বারহাট্টা | ৪৫৪. রায়পুর | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | আটপাড়া | ৪৫৫. স্বরমুশিয়া | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | আটপাড়া | ৪৫৬. শুনই | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | আটপাড়া | ৪৫৭. লুনেশ্বর | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | আটপাড়া | ৪৫৮. বানিয়াজান | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | আটপাড়া | ৪৫৯. তেলিগাতী | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | আটপাড়া | ৪৬০. দুওজ | |
| ময়মনসিংহ | নেত্রকোণা | আটপাড়া | ৪৬১. সুখারী | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৬২. সোমভাগ | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৬৩. ভাড়ারিয়া | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৬৪. ধামরাই | E |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৬৫. কুল্লা | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৬৬. সুয়াপুর | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৬৭. রোয়াইল | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৬৮. নান্নার | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৬৯. চৌহাট | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৭০. আমতা | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৭১. বালিয়া | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৭২. যাদবপুর | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৭৩. বাইশাকান্দা | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৭৪. কুশুরা | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৭৫. গাংগুটিয়া | |
| ঢাকা | ঢাকা | ধামরাই | ৪৭৬. সানোড়া | |
| ঢাকা | টাঙ্গাইল | ধনবাড়ী | ৪৭৭. যদুনাথপুর | |
| ঢাকা | টাঙ্গাইল | ধনবাড়ী | ৪৭৮. ধোপাখালী | |
| ঢাকা | টাঙ্গাইল | ধনবাড়ী | ৪৭৯. পাইস্কা | |
| ঢাকা | টাঙ্গাইল | ধনবাড়ী | ৪৮০. বানিয়াজান | |
| ঢাকা | টাঙ্গাইল | ধনবাড়ী | ৪৮১. বলিভদ্র | |
| ঢাকা | টাঙ্গাইল | ধনবাড়ী | ৪৮২. মুশুদ্দি | |
| ঢাকা | টাঙ্গাইল | ধনবাড়ী | ৪৮৩. বীরতারা | |
| ঢাকা | টাঙ্গাইল | সখিপুর | ৪৮৪. বহেরাতৈল | |
| ঢাকা | টাঙ্গাইল | সখিপুর | ৪৮৫. কাকড়াজান | |
| ঢাকা | টাঙ্গাইল | সখিপুর | ৪৮৬. যাদবপুর | |
| ঢাকা | টাঙ্গাইল | সখিপুর | ৪৮৭. বহুরিয়া | |
| ঢাকা | টাঙ্গাইল | দেলদুয়ার | ৪৮৮. **দেলদুয়ার** | |
| ঢাকা | টাঙ্গাইল | দেলদুয়ার | ৪৮৯. **পাথরাইল** | |
| ঢাকা | টাঙ্গাইল | দেলদুয়ার | ৪৯০. **আটিয়া** | |
| ঢাকা | টাঙ্গাইল | দেলদুয়ার | ৪৯১. **দেউলী** | |
| ঢাকা | টাঙ্গাইল | দেলদুয়ার | ৪৯২. **এলাসিন** | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ঢাকা | টাঙ্গাইল | দেলদুয়ার | ৪৯৩. **লাউহাটি** | |
| ঢাকা | টাঙ্গাইল | দেলদুয়ার | ৪৯৪. **ফাজিলহাটি** | |
| ঢাকা | টাঙ্গাইল | দেলদুয়ার | ৪৯৫. **ডুবাইল** | |
| ঢাকা | কিশোরগঞ্জ | করিমগঞ্জ | ৪৯৬. কাদিরজঙ্গল | |
| ঢাকা | কিশোরগঞ্জ | করিমগঞ্জ | ৪৯৭. গুজাদিয়া | |
| ঢাকা | কিশোরগঞ্জ | করিমগঞ্জ | ৪৯৮. কিরাটন | |
| ঢাকা | কিশোরগঞ্জ | করিমগঞ্জ | ৪৯৯. বারঘরিয়া | |
| ঢাকা | কিশোরগঞ্জ | করিমগঞ্জ | ৫০০. নিয়ামতপুর | |
| ঢাকা | কিশোরগঞ্জ | করিমগঞ্জ | ৫০১. দেহুন্দা | |
| ঢাকা | কিশোরগঞ্জ | করিমগঞ্জ | ৫০২. সুতারপাড়া | |
| ঢাকা | কিশোরগঞ্জ | করিমগঞ্জ | ৫০৩. গুনধর | |
| ঢাকা | কিশোরগঞ্জ | করিমগঞ্জ | ৫০৪. জয়কা | |
| ঢাকা | কিশোরগঞ্জ | করিমগঞ্জ | ৫০৫. জাফরাবাদ | |
| ঢাকা | কিশোরগঞ্জ | করিমগঞ্জ | ৫০৬. নোয়াবাদ | |
| ঢাকা | কিশোরগঞ্জ | তাড়াইল | ৫০৭. তালজাঙ্গা | |
| ঢাকা | কিশোরগঞ্জ | তাড়াইল | ৫০৮. রাউতি | |
| ঢাকা | কিশোরগঞ্জ | তাড়াইল | ৫০৯. ধলা | |
| ঢাকা | কিশোরগঞ্জ | তাড়াইল | ৫১০. জাওয়ার | |
| ঢাকা | কিশোরগঞ্জ | তাড়াইল | ৫১১. দামিহা | |
| ঢাকা | কিশোরগঞ্জ | তাড়াইল | ৫১২. দিগদাইড় | |
| ঢাকা | কিশোরগঞ্জ | তাড়াইল | ৫১৩. তাড়াইলসাচাইল | |
| ঢাকা | কিশোরগঞ্জ | বাজিতপুর | ৫১৪. হুমাইপুর | |
| ঢাকা | কিশোরগঞ্জ | বাজিতপুর | ৫১৫. দিলালপুর | |
| ঢাকা | কিশোরগঞ্জ | বাজিতপুর | ৫১৬. বলিয়ারদি | |
| ঢাকা | কিশোরগঞ্জ | বাজিতপুর | ৫১৭. সরারচর | |
| ঢাকা | কিশোরগঞ্জ | বাজিতপুর | ৫১৮. হালিমপুর | |
| ঢাকা | কিশোরগঞ্জ | বাজিতপুর | ৫১৯. হিলচিয়া | |
| ঢাকা | কিশোরগঞ্জ | বাজিতপুর | ৫২০. দিঘীরপাড় | |
| ঢাকা | কিশোরগঞ্জ | বাজিতপুর | ৫২১. পিরিজপুর | |
| ঢাকা | কিশোরগঞ্জ | বাজিতপুর | ৫২২. মাইজচর | |
| ঢাকা | কিশোরগঞ্জ | বাজিতপুর | ৫২৩. গাজীরচর | |
| ঢাকা | কিশোরগঞ্জ | বাজিতপুর | ৫২৪. কৈলাগ | |
| ঢাকা | মানিকগঞ্জ | সিংগাইর | ৫২৫. সিংগাইর | |
| ঢাকা | মানিকগঞ্জ | সিংগাইর | ৫২৬. বায়রা | |
| ঢাকা | মানিকগঞ্জ | সিংগাইর | ৫২৭. বলধারা | |
| ঢাকা | মানিকগঞ্জ | সিংগাইর | ৫২৮. চান্দহর | |
| ঢাকা | মানিকগঞ্জ | সিংগাইর | ৫২৯. চারিগ্রাম | |
| ঢাকা | মানিকগঞ্জ | সিংগাইর | ৫৩০. জার্মিতা | |
| ঢাকা | মানিকগঞ্জ | সিংগাইর | ৫৩১. জয়মন্টপ | |
| ঢাকা | মানিকগঞ্জ | সিংগাইর | ৫৩২. জামশা | |
| ঢাকা | মানিকগঞ্জ | সিংগাইর | ৫৩৩. শায়েস্তা | |
| ঢাকা | মানিকগঞ্জ | সিংগাইর | ৫৩৪. তালেবপুর | |
| ঢাকা | মানিকগঞ্জ | সিংগাইর | ৫৩৫. ধল্লা | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৩৬. আটপাড়া | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৩৭. বঘড়া | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৩৮. বাড়ৈখালী | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৩৯. ভাগ্যকুল | E |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৪০. বীড়তারা | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৪১. হাঁসাড়া | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৪২. কোলাপাড়া | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৪৩. কুকুটিয়া | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৪৪. পাটাভোগ | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৪৫. রাড়ীখাল | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৪৬. শ্রীনগর | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৪৭. ষোলঘর | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৪৮. শ্যামসিদ্ধি | |
| ঢাকা | মুন্সিগঞ্জ | শ্রীনগর | ৫৪৯. তন্তর | |
| ঢাকা | গাজীপুর | কাপাসিয়া | ৫৫০. সিংহশ্রী | |
| ঢাকা | গাজীপুর | কাপাসিয়া | ৫৫১.রায়েদ | |
| ঢাকা | গাজীপুর | কাপাসিয়া | ৫৫২. টোক | |
| ঢাকা | গাজীপুর | কাপাসিয়া | ৫৫৩. বারিষাব | |
| ঢাকা | গাজীপুর | কাপাসিয়া | ৫৫৪. ঘাগটিয়া | |
| ঢাকা | গাজীপুর | কাপাসিয়া | ৫৫৫. সনমানিয়া | |
| ঢাকা | গাজীপুর | কাপাসিয়া | ৫৫৬. কড়িহাতা | |
| ঢাকা | গাজীপুর | কাপাসিয়া | ৫৫৭. তরগাঁও | |
| ঢাকা | গাজীপুর | কাপাসিয়া | ৫৫৮. কাপাসিয়া | |
| ঢাকা | গাজীপুর | কাপাসিয়া | ৫৫৯. চাঁদপুর | |
| ঢাকা | গাজীপুর | কাপাসিয়া | ৫৬০. দূর্গাপুর | |
| ঢাকা | নরসিংদী | সদর | ৫৬১. আলোকবালি | |
| ঢাকা | নরসিংদী | সদর | ৫৬২. চরদিঘলী | |
| ঢাকা | নরসিংদী | রায়পুরা | ৫৬৩. আমিরগঞ্জ | |
| ঢাকা | নরসিংদী | রায়পুরা | ৫৬৪. বাঁশগাড়ী | |
| ঢাকা | নরসিংদী | রায়পুরা | ৫৬৫. চরসুবুদ্ধি | |
| ঢাকা | নরসিংদী | রায়পুরা | ৫৬৬. চরমধুয়া | |
| ঢাকা | নরসিংদী | রায়পুরা | ৫৬৭. হাইরমারা | |
| ঢাকা | নরসিংদী | রায়পুরা | ৫৬৮. মির্জানগর | |
| ঢাকা | নরসিংদী | রায়পুরা | ৫৬৯. মির্জারচর | |
| ঢাকা | নরসিংদী | রায়পুরা | ৫৭০. নিলক্ষা | |
| ঢাকা | নরসিংদী | রায়পুরা | ৫৭১. পাড়াতলী | |
| ঢাকা | নরসিংদী | রায়পুরা | ৫৭২. শ্রীনগর | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | সদর | ৫৭৩. আলীরটেক | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | সদর | ৫৭৪. বক্তাবলী | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | সদর | ৫৭৫. এনায়েতনগর | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | সদর | ৫৭৬. গোগনগর | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | সদর | ৫৭৭. কাশীপুর | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | সদর | ৫৭৮. কুতুবপুর | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | বন্দর | ৫৭৯. মুছাপুর | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | বন্দর | ৫৮০. ধামগড় | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | বন্দর | ৫৮১. মদনপুর | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | বন্দর | ৫৮২. কলাগাছিয়া | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | বন্দর | ৫৮৩. বন্দর | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | রূপগঞ্জ | ৫৮৪. মুড়াপাড়া | E |
| ঢাকা | নারায়ণগঞ্জ | রূপগঞ্জ | ৫৮৫. গোলাকান্দাইল | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | রূপগঞ্জ | ৫৮৬. ভুলতা | |
| ঢাকা | নারায়ণগঞ্জ | রূপগঞ্জ | ৫৮৭. কায়েতপাড়া | E |
| ঢাকা | নারায়ণগঞ্জ | রূপগঞ্জ | ৫৮৮. ভোলাব | |
| ঢাকা | রাজবাড়ী | গোয়ালন্দ | ৫৮৯. ছোটভাকলা | |
| ঢাকা | রাজবাড়ী | গোয়ালন্দ | ৫৯০. উজানচর | |
| ঢাকা | ফরিদপুর | সালথা | ৫৯১. রামকান্তপুর | |
| ঢাকা | ফরিদপুর | সালথা | ৫৯২. যদুনন্দী | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ঢাকা | ফরিদপুর | সালথা | ৫৯৩. গট্টি | |
| ঢাকা | ফরিদপুর | সালথা | ৫৯৪. ভাওয়াল | |
| ঢাকা | ফরিদপুর | সালথা | ৫৯৫. সোনাপুর | |
| ঢাকা | ফরিদপুর | সালথা | ৫৯৬. আঠঘর | |
| ঢাকা | ফরিদপুর | সালথা | ৫৯৭. মাঝারদিয়া | |
| ঢাকা | ফরিদপুর | সালথা | ৫৯৮. বল্লভদী | |
| ঢাকা | ফরিদপুর | নগরকান্দা | ৫৯৯. চরযশোরদী | |
| ঢাকা | ফরিদপুর | নগরকান্দা | ৬০০. পুরাপাড়া | |
| ঢাকা | ফরিদপুর | নগরকান্দা | ৬০১. কোদালিয়াশীহীদ নগর | |
| ঢাকা | ফরিদপুর | নগরকান্দা | ৬০২. ফুলসুতী | |
| ঢাকা | ফরিদপুর | নগরকান্দা | ৬০৩. কাইচাইল | |
| ঢাকা | ফরিদপুর | নগরকান্দা | ৬০৪. তালমা | |
| ঢাকা | ফরিদপুর | নগরকান্দা | ৬০৫. রামনগর | |
| ঢাকা | ফরিদপুর | নগরকান্দা | ৬০৬. ডাঙ্গী | |
| ঢাকা | ফরিদপুর | নগরকান্দা | ৬০৭. লস্করদিয়া | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬০৮. মহেশপুর | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬০৯. পারুলিয়া | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬১০. মাহমুদপুর | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬১১. সাজাইল | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬১২. কাশিয়ানী | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬১৩. রাতইল | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬১৪. ফুকরা | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬১৫. ওড়াকান্দি | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬১৬. রাজপাট | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬১৭. হাতিয়াড়া | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬১৮. সিংগা | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬১৯. বেথুড়ী | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬২০. পুইশুর | |
| ঢাকা | গোপালগঞ্জ | কাশিয়ানী | ৬২১. নিজামকান্দি | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬২২. কয়ারিয়া | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬২৩. সাহেবরামপুর | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬২৪. রমজানপুর | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬২৫. চরদৌলত খান | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬২৬. শিকারমঙ্গল | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬২৭. লক্ষীপুর | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬২৮. বাঁশগাড়ী | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬২৯. আলীনগর | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬৩০. বালিগ্রাম | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬৩১. কাজীবাকাই | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬৩২. ডাসার | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬৩৩. গোপালপুর | |
| ঢাকা | মাদারীপুর | কালকিনি | ৬৩৪. নবগ্রাম | |
| ঢাকা | শরীয়তপুর | সদর | ৬৩৫. চন্দ্রপুর | |
| ঢাকা | শরীয়তপুর | সদর | ৬৩৬. চিতলিয়া | |
| ঢাকা | শরীয়তপুর | সদর | ৬৩৭. আংগারিয়া | |
| ঢাকা | শরীয়তপুর | সদর | ৬৩৮. ডোমসার | |
| ঢাকা | শরীয়তপুর | সদর | ৬৩৯. পালং | |
| ঢাকা | শরীয়তপুর | সদর | ৬৪০. তুলাসার | |
| ঢাকা | শরীয়তপুর | সদর | ৬৪১. রুদ্রকর | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ঢাকা | শরীয়তপুর | সদর | ৬৪২. বিনোদপুর | |
| ঢাকা | শরীয়তপুর | সদর | ৬৪৩. শৌলপাড়া | |
| ঢাকা | শরীয়তপুর | সদর | ৬৪৪. মাহমুদপুর | |
| সিলেট | সুনামগঞ্জ | ছাতক | ৬৪৫. ছাতক | |
| সিলেট | সুনামগঞ্জ | ছাতক | ৬৪৬. কালারুকা | |
| সিলেট | সুনামগঞ্জ | ছাতক | ৬৪৭. ছৈলাআফজলাবাদ | |
| সিলেট | সুনামগঞ্জ | ছাতক | ৬৪৮. খুরমাদক্ষিণ | |
| সিলেট | সুনামগঞ্জ | ছাতক | ৬৪৯. চরমহল্লা | |
| সিলেট | সুনামগঞ্জ | ছাতক | ৬৫০. দোলারবাজার | |
| সিলেট | সুনামগঞ্জ | ছাতক | ৬৫১. গোবিন্দগঞ্জ সৈদেরগাও | |
| সিলেট | সুনামগঞ্জ | ছাতক | ৬৫২. খুরমাউত্তর | |
| সিলেট | সুনামগঞ্জ | ছাতক | ৬৫৩. ইসলামপুর | |
| সিলেট | সুনামগঞ্জ | ছাতক | ৬৫৪. জাউয়াবাজার | |
| সিলেট | সুনামগঞ্জ | দোয়ারাবাজার | ৬৫৫. দোয়ারাবাজার | E |
| সিলেট | সুনামগঞ্জ | দোয়ারাবাজার | ৬৫৬. বাংলাবাজার | |
| সিলেট | সুনামগঞ্জ | দোয়ারাবাজার | ৬৫৭. লক্ষীপুর | |
| সিলেট | সুনামগঞ্জ | দোয়ারাবাজার | ৬৫৮. সুরমা | |
| সিলেট | সুনামগঞ্জ | দোয়ারাবাজার | ৬৫৯. দোহালিয়া | |
| সিলেট | সুনামগঞ্জ | দোয়ারাবাজার | ৬৬০. পান্ডারগাও | |
| সিলেট | সুনামগঞ্জ | দোয়ারাবাজার | ৬৬১. বোগলাবাজার | |
| সিলেট | সুনামগঞ্জ | দোয়ারাবাজার | ৬৬২. নরসিংপুর | |
| সিলেট | সুনামগঞ্জ | দোয়ারাবাজার | ৬৬৩. মান্নারগাও | |
| সিলেট | সিলেট | সিলেট সদর | ৬৬৪. জালালাবাদ | |
| সিলেট | সিলেট | সিলেট সদর | ৬৬৫. হাটখোলা | |
| সিলেট | সিলেট | সিলেট সদর | ৬৬৬. মোগলগাঁও | |
| সিলেট | সিলেট | সিলেট সদর | ৬৬৭. কান্দিগাঁও | |
| সিলেট | সিলেট | কোম্পানীগঞ্জ | ৬৬৮. ইসলামপুর পূর্ব | |
| সিলেট | সিলেট | কোম্পানীগঞ্জ | ৬৬৯. তেলিখাল | |
| সিলেট | সিলেট | কোম্পানীগঞ্জ | ৬৭০. ইছাকলস | |
| সিলেট | সিলেট | কোম্পানীগঞ্জ | ৬৭১. উত্তর রণিখাই | |
| সিলেট | সিলেট | কোম্পানীগঞ্জ | ৬৭২. দক্ষিণ রণিখাই | |
| সিলেট | সিলেট | বালাগঞ্জ | ৬৭৩. পূর্ব পৈলনপুর | |
| সিলেট | সিলেট | বালাগঞ্জ | ৬৭৪. বোয়ালজুড় | |
| সিলেট | সিলেট | বালাগঞ্জ | ৬৭৫. দেওয়ানবাজার | |
| সিলেট | সিলেট | বালাগঞ্জ | ৬৭৬. পশ্চিম গৌরিপুর | |
| সিলেট | সিলেট | বালাগঞ্জ | ৬৭৭. বালাগঞ্জ | |
| সিলেট | সিলেট | বালাগঞ্জ | ৬৭৮. পূর্ব গৌরিপুর | |
| সিলেট | মৌলভীবাজার | জুড়ী | ৬৭৯. জায়ফরনগর | |
| সিলেট | মৌলভীবাজার | জুড়ী | ৬৮০. পশ্চিমজুড়ী | |
| সিলেট | মৌলভীবাজার | জুড়ী | ৬৮১. পূর্বজুড়ী | |
| সিলেট | মৌলভীবাজার | জুড়ী | ৬৮২. গোয়ালবাড়ী | |
| সিলেট | মৌলভীবাজার | জুড়ী | ৬৮৩. সাগরনাল | |
| সিলেট | হবিগঞ্জ | আজমিরীগঞ্জ | ৬৮৪. আজমিরীগঞ্জ | |
| সিলেট | হবিগঞ্জ | আজমিরীগঞ্জ | ৬৮৫. বদলপুর | |
| সিলেট | হবিগঞ্জ | আজমিরীগঞ্জ | ৬৮৬. জলসুখা | |
| সিলেট | হবিগঞ্জ | আজমিরীগঞ্জ | ৬৮৭. কাকাইলছেও | |
| সিলেট | হবিগঞ্জ | আজমিরীগঞ্জ | ৬৮৮. শিবপাশা | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | সীতাকুন্ড | ৬৮৯. সৈয়দপুর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | সীতাকুন্ড | ৬৯০. বাঁরৈয়াঢালা | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | চট্টগ্রাম | সীতাকুন্ড | ৬৯১. মুরাদপুর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | সীতাকুন্ড | ৬৯২.বাড়বকুন্ড | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | সীতাকুন্ড | ৬৯৩. বাঁশবাড়ীয়া | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | সীতাকুন্ড | ৬৯৪.কুমিরা | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | সীতাকুন্ড | ৬৯৫.সোনাইছড়ি | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | সীতাকুন্ড | ৬৯৬. ভাটিয়ারী | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | সীতাকুন্ড | ৬৯৭.সলিমপুর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৬৯৮. করেরহাট | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৬৯৯.হিঙ্গুলি | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭০০. জোরারগঞ্জ | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭০১. ধুম | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭০২. ওসমানপুর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭০৩.কাটাছড়া | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭০৪. দুর্গাপুর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭০৫. মিরসরাই | E |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭০৬. মিঠানালা | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭০৭. মঘাদিয়া | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭০৮.খৈয়াছড়া | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭০৯. মায়ানী | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭১০. ওয়াহেদপুর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭১১. সাহেরখালী | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭১২. হাইতকান্দি | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | মিরসরাই | ৭১৩. ইছাখালী | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭১৪. বাগান বাজার | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭১৫. দাঁতমারা | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭১৬. নারায়নহাট | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭১৭. হারুয়ালছড়ি | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭১৮. পাইন্দং | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭১৯. কাঞ্চননগর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭২০. সুন্দরপুর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭২১. লেলাং | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭২২.রোসাংগিরী | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭২৩.বক্তপুর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭২৪. জাফতনগর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭২৫. ধর্মপুর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭২৬.আবদুল্লাহপুর | |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফটিকছড়ি | ৭২৭. সমিতিরহাট | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭২৮.গুনিয়াউক | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭২৯. ভলাকুট | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭৩০.গোকর্ণ | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭৩১. হরিপুর | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭৩২.কুন্ডা | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭৩৩. পূর্বভাগ | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭৩৪.বুড়িশ্বর | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭৩৫.ধরমন্ডল | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭৩৬. চাপড়তলা | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭৩৭.চাতলপাড় | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭৩৮. ফান্দাউক | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭৩৯.গোয়ালনগর | |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়িয়া | নাসিরনগর | ৭৪০. নাসিরনগর | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | কুমিল্লা | লাকসাম | ৭৪১. কান্দিরপাড় | |
| চট্টগ্রাম | কুমিল্লা | লাকসাম | ৭৪২. গোবিন্দপুর | |
| চট্টগ্রাম | কুমিল্লা | লাকসাম | ৭৪৩. উত্তরদা | |
| চট্টগ্রাম | কুমিল্লা | লাকসাম | ৭৪৪. আজগরা | |
| চট্টগ্রাম | কুমিল্লা | লাকসাম | ৭৪৫. লাকসাম পূর্ব | |
| চট্টগ্রাম | কুমিল্লা | মেঘনা | ৭৪৬. রাধানগর | |
| চট্টগ্রাম | কুমিল্লা | মেঘনা | ৭৪৭. মানিকারচর | |
| চট্টগ্রাম | কুমিল্লা | মেঘনা | ৭৪৮. চন্দনপুর | |
| চট্টগ্রাম | কুমিল্লা | মেঘনা | ৭৪৯. চালিভাঙ্গা | |
| চট্টগ্রাম | কুমিল্লা | মেঘনা | ৭৫০. বড়কান্দা | |
| চট্টগ্রাম | কুমিল্লা | মেঘনা | ৭৫১. গোবিন্দপুর | |
| চট্টগ্রাম | কুমিল্লা | মেঘনা | ৭৫২. লুটেরচর | |
| চট্টগ্রাম | কুমিল্লা | মেঘনা | ৭৫৩. ভাওরখোলা | |
| চট্টগ্রাম | কুমিল্লা | তিতাস | ৭৫৪. সাতানী | |
| চট্টগ্রাম | কুমিল্লা | তিতাস | ৭৫৫. জগতপুর | |
| চট্টগ্রাম | কুমিল্লা | তিতাস | ৭৫৬. বলরামপুর | |
| চট্টগ্রাম | কুমিল্লা | তিতাস | ৭৫৭. কড়িকান্দি | |
| চট্টগ্রাম | কুমিল্লা | তিতাস | ৭৫৮. কলাকান্দি | |
| চট্টগ্রাম | কুমিল্লা | তিতাস | ৭৫৯. ভিটিকান্দি | |
| চট্টগ্রাম | কুমিল্লা | তিতাস | ৭৬০. নারান্দিয়া | |
| চট্টগ্রাম | কুমিল্লা | তিতাস | ৭৬১. জিয়ারকান্দি | |
| চট্টগ্রাম | কুমিল্লা | তিতাস | ৭৬২. মজিদপুর | |
| চট্টগ্রাম | চাঁদপুর | সদর | ৭৬৩. বিষ্ণুপুর | |
| চট্টগ্রাম | চাঁদপুর | সদর | ৭৬৪. আশিকাটি | |
| চট্টগ্রাম | চাঁদপুর | সদর | ৭৬৫. শাহমাহমুদপুর | |
| চট্টগ্রাম | চাঁদপুর | সদর | ৭৬৬. রামপুর | |
| চট্টগ্রাম | চাঁদপুর | সদর | ৭৬৭. মৈশাদী | |
| চট্টগ্রাম | চাঁদপুর | সদর | ৭৬৮. তরপুরচন্ডী | |
| চট্টগ্রাম | চাঁদপুর | সদর | ৭৬৯. বাগাদী | |
| চট্টগ্রাম | চাঁদপুর | সদর | ৭৭০. বালিয়া | |
| চট্টগ্রাম | চাঁদপুর | সদর | ৭৭১. চান্দ্রা | |
| চট্টগ্রাম | চাঁদপুর | সদর | ৭৭২. হানারচর | |
| চট্টগ্রাম | ফেনী | ফুলগাজী | ৭৭৩. ফুলগাজী | E |
| চট্টগ্রাম | ফেনী | ফুলগাজী | ৭৭৪. মুন্সিরহাট | |
| চট্টগ্রাম | ফেনী | ফুলগাজী | ৭৭৫. দরবারপুর | |
| চট্টগ্রাম | ফেনী | ফুলগাজী | ৭৭৬. আমজাদহাট | |
| চট্টগ্রাম | ফেনী | ফুলগাজী | ৭৭৭. আনন্দপুর | |
| চট্টগ্রাম | ফেনী | ফুলগাজী | ৭৭৮. জিএমহাট | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৭৯. আমানউল্যাহপুর | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৮০. গোপালপুর | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৮১. জিরতলী | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৮২. আলাইয়ারপুর | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৮৩. ছয়ানী | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৮৪. রাজগঞ্জ | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৮৫. একলাশপুর | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৮৬. বেগমগঞ্জ | E |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৮৭. নরোত্তমপুর | E |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৮৮. দুর্গাপুর | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৮৯. কুতুবপুর | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৯০. রসুলপুর | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৯১. হাজীপুর | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৯২. শরীফপুর | |
| চট্টগ্রাম | নোয়াখালী | বেগমগঞ্জ | ৭৯৩. কাদিরপুর | |
| চট্টগ্রাম | লক্ষ্মীপুর | রামগতি | ৭৯৪. চর গাজী | |
| চট্টগ্রাম | লক্ষ্মীপুর | কমলনগর | ৭৯৫. চরলরেঞ্জ | |
| চট্টগ্রাম | লক্ষ্মীপুর | কমলনগর | ৭৯৬. চরমার্টিন | |
| চট্টগ্রাম | লক্ষ্মীপুর | কমলনগর | ৭৯৭. চর কাদরী | |
| চট্টগ্রাম | কক্সবাজার | সদর | ৭৯৮. ভারম্নয়াখালী | |
| চট্টগ্রাম | কক্সবাজার | সদর | ৭৯৯. চৌফলদন্ডী | |
| চট্টগ্রাম | কক্সবাজার | সদর | ৮০০. ঝিলংজা | |
| চট্টগ্রাম | কক্সবাজার | সদর | ৮০১. খুরম্নশকুল | |
| চট্টগ্রাম | কক্সবাজার | সদর | ৮০২. পি,এম,খালী | |
| চট্টগ্রাম | কক্সবাজার | রামু | ৮০৩. চাকমারকুল | |
| চট্টগ্রাম | কক্সবাজার | রামু | ৮০৪. ফতেখাঁরকুল | |
| চট্টগ্রাম | কক্সবাজার | রামু | ৮০৫. গর্জনিয়া | |
| চট্টগ্রাম | কক্সবাজার | রামু | ৮০৬. ঈদগড় | |
| চট্টগ্রাম | কক্সবাজার | রামু | ৮০৭. জোয়ারিয়ানালা | |
| চট্টগ্রাম | কক্সবাজার | রামু | ৮০৮. কচ্ছপিয়া | |
| চট্টগ্রাম | কক্সবাজার | রামু | ৮০৯. খুনিয়াপালং | |
| চট্টগ্রাম | কক্সবাজার | রামু | ৮১০. কাউয়ারখোপ | |
| চট্টগ্রাম | কক্সবাজার | রামু | ৮১১. রশিদনগর | |
| চট্টগ্রাম | কক্সবাজার | রামু | ৮১২. রাজারকুল | |
| চট্টগ্রাম | কক্সবাজার | রামু | ৮১৩. দক্ষিণমিঠাছড়ি | |
| চট্টগ্রাম | কক্সবাজার | উখিয়া | ৮১৪. হলদিয়াপালং | |
| চট্টগ্রাম | কক্সবাজার | উখিয়া | ৮১৫. জালিয়াপালং | |
| চট্টগ্রাম | কক্সবাজার | উখিয়া | ৮১৬. রাজাপালং | |
| চট্টগ্রাম | কক্সবাজার | উখিয়া | ৮১৭. রত্নপালং | |
| চট্টগ্রাম | কক্সবাজার | উখিয়া | ৮১৮. পালংখালী | |
| চট্টগ্রাম | খাগড়াছড়ি | মাটিরাঙ্গা | ৮১৯. তাইন্দং | |
| চট্টগ্রাম | খাগড়াছড়ি | মাটিরাঙ্গা | ৮২০. তবলছড়ি | |
| চট্টগ্রাম | খাগড়াছড়ি | মাটিরাঙ্গা | ৮২১. বড়নাল | |
| চট্টগ্রাম | খাগড়াছড়ি | মাটিরাঙ্গা | ৮২২. আমতলি | |
| চট্টগ্রাম | খাগড়াছড়ি | মাটিরাঙ্গা | ৮২৩. গোমতি | |
| চট্টগ্রাম | খাগড়াছড়ি | মাটিরাঙ্গা | ৮২৪. বেলছড়ি | |
| চট্টগ্রাম | খাগড়াছড়ি | মাটিরাঙ্গা | ৮২৫. মাটিরাঙ্গা | |
| চট্টগ্রাম | খাগড়াছড়ি | গুইমারা | ৮২৬. গুইমারা | |
| চট্টগ্রাম | খাগড়াছড়ি | গুইমারা | ৮২৭. সিন্দুকছড়ি | |
| চট্টগ্রাম | খাগড়াছড়ি | গুইমারা | ৮২৮. হাফছড়ি | |
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | বরকল | ৮২৯. সুবলং | |
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | বরকল | ৮৩০. বরকল | |
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | বরকল | ৮৩১. আইমাছড়া | |
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | বরকল | ৮৩২. বড় হরিণা | |
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | বিলাইছড়ি | ৮৩৩. বিলাইছড়ি | |
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | বিলাইছড়ি | ৮৩৪. কেংড়াছড়ি | |
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | বিলাইছড়ি | ৮৩৫. ফারুয়া | |
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | কাপ্তাই | ৮৩৬. রাইখালি | |
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | কাপ্তাই | ৮৩৭. চিৎমরম | |
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | কাপ্তাই | ৮৩৮. কাপ্তাই | |
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | কাপ্তাই | ৮৩৯. ওয়াগ্গা | |
| চট্টগ্রাম | বান্দরবান | নাইক্ষ্যংছড়ি | ৮৪০. বাইশারী | |

| বিভাগ | জেলা | উপজেলা | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | বান্দরবান | নাইক্ষ্যংছড়ি | ৮৪১. দোছড়ি | |
| চট্টগ্রাম | বান্দরবান | লামা | ৮৪২. গজালিয়া | |
| চট্টগ্রাম | বান্দরবান | লামা | ৮৪৩.লামাসদর | |
| চট্টগ্রাম | বান্দরবান | লামা | ৮৪৪. ফাসিয়াখালী | |
| চট্টগ্রাম | বান্দরবান | লামা | ৮৪৫. আজিজনগর | |
| চট্টগ্রাম | বান্দরবান | লামা | ৮৪৬. সরই | |
| চট্টগ্রাম | বান্দরবান | লামা | ৮৪৭. রুপসীপাড়া | |
| চট্টগ্রাম | বান্দরবান | লামা | ৮৪৮. ফাইতং | |

মোহাম্মদ আ... রহমান
সহকারী সচিব
নির্বাচন কমিশন সচিবালয়

পরিশিষ্ট-'খ'

**সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারের কার্যালয়**

..................................

..................................

নং.......................................................................... তারিখঃ......................

**প্রজ্ঞাপন**

নং............................................। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী এতদসংগে সংযোজিত ...........টি উপজেলার নির্বাচন যোগ্য ...........টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ আসনের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছেঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ অক্টোবর ২০২১ (রবিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ অক্টোবর ২০২১ (বুধবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ অক্টোবর ২০২১ (মঙ্গলবার) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | **১১ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার)** |
| **উল্লিখিত ইউনিয়নের মধ্যে .............টি ইউনিয়ন পরিষদের নির্বাচন ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে** | | | |

নির্বাচন কমিশনের নির্দেশক্রমে

( ......................... )
সিনিয়র জেলা নির্বাচন অফিসার/
জেলা নির্বাচন অফিসার
ফোন: ......................

প্রাপক
উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়
ঢাকা।

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং ২৫০ (দুইশত পঞ্চাশ) কপি গেজেট বিজ্ঞপ্তি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং...................................... তারিখঃ......................

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, .......................... (সংশ্লিষ্ট) বিভাগ
১১. পুলিশ কমিশনার, .........................(সংশ্লিষ্ট)
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাপরিচালক (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা

১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা প্রশাসক, .........................(সংশ্লিষ্ট)
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট)
১৯. পুলিশ সুপার, ............................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. উপজেলা নির্বাহী অফিসার, ............................(সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব,......................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, ............................... (সংশ্লিষ্ট সকল) ও রিটার্নিং অফিসার [বিজ্ঞপ্তি জারি করার জন্য অনুরোধ করা হলো]
২৮. ...........................................................ও রিটার্নিং অফিসার [বিজ্ঞপ্তি জারি করার জন্য অনুরোধ করা হলো]
২৯. অফিসার-ইন-চার্জ, ..................................................(সংশ্লিষ্ট সকল থানা)।

( ......................... )
সিনিয়র জেলা নির্বাচন অফিসার/
জেলা নির্বাচন অফিসার
ফোনঃ...................

পরিশিষ্ট-'গ'

**রিটার্নিং অফিসারের কার্যালয়**

উপজেলা/থানা ............................................

জেলা ........................................................

**ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচির বিজ্ঞপ্তি**

যেহেতু, সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ................................ কর্তৃক ....................... তারিখে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী .................................. জেলার ............................ উপজেলার ................................ ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচির প্রজ্ঞাপন জারি করা হইয়াছে।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি ..............................................................., ........................................................ এবং রিটার্নিং অফিসার

(নাম) (পদবী)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য ..................... জেলার ................... উপজেলার ................... ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারী করিতেছিঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখঃ | | (নির্ধারিত তারিখ লিখিতে হইবে) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখঃ | | (নির্ধারিত তারিখ লিখিতে হইবে) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখঃ | | (নির্ধারিত তারিখ লিখিতে হইবে) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখঃ | | (নির্ধারিত তারিখ লিখিতে হইবে) |
| **উল্লিখিত ইউনিয়নের মধ্যে .............টি ইউনিয়ন পরিষদের নির্বাচন ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে** | | | |

আমি আরও জানাইতেছি যে, আগামী ........... তারিখ হইতে .......... তারিখ (....... বার) পর্যন্ত ছুটির দিনসহ সকাল ৯.০০টা হইতে বিকাল ৫.০০টা পর্যন্ত উল্লিখিত ইউনিয়নের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে ..............................................................

(স্থান)

মনোনয়নপত্র গ্রহণ করা হইবে।

স্থানঃ..............................................

তারিখঃ ..............................................

**রিটার্নিং অফিসারের নাম-পদবীসহ স্বাক্ষর**

ইউনিয়নের নাম .............................

পরিশিষ্ট-'ঘ'

# বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

## নিবন্ধিত রাজনৈতিক দলের তালিকা

| ক্রমিক নম্বর | দলের নাম ও প্রতীক |
|---|---|
| ১ | ২ |
| ০১. | লিবারেল ডেমোক্রেটিক পার্টি-এলডিপি<br>**"ছাতা"** |
| ০২. | জাতীয় পার্টি - জেপি<br>**"বাইসাইকেল"** |
| ০৩. | বাংলাদেশের সাম্যবাদী দল (এম.এল)<br>**"চাকা"** |
| ০৪. | কৃষক শ্রমিক জনতা লীগ<br>**"গামছা"** |
| ০৫. | বাংলাদেশের কমিউনিস্ট পার্টি<br>**"কাস্তে"** |
| ০৬. | বাংলাদেশ আওয়ামী লীগ<br>**"নৌকা"** |
| ০৭. | বাংলাদেশ জাতীয়তাবাদী দল -বি.এন.পি<br>**"ধানের শীষ"** |
| ০৮. | গণতন্ত্রী পার্টি<br>**"কবুতর"** |
| ০৯. | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি<br>**"কুঁড়েঘর"** |
| ১০. | বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি<br>**"হাতুড়ী"** |
| ১১. | বিকল্পধারা বাংলাদেশ<br>**"কুলা"** |
| ১২. | জাতীয় পার্টি<br>**"লাঙ্গল"** |
| ১৩. | জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ<br>**"মশাল"** |
| ১৪. | জাতীয় সমাজতান্ত্রিক দল-জেএসডি<br>**"তারা"** |
| ১৫. | **জাকের পার্টি**<br>**"গোলাপ ফুল"** |
| ১৬. | বাংলাদেশের সমাজতান্ত্রিক দল-বাসদ<br>**"মই"** |
| ১৭. | বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি<br>**"গরুরগাড়ী"** |
| ১৮. | বাংলাদেশ তরিকত ফেডারেশন<br>**"ফুলের মালা"** |
| ১৯. | বাংলাদেশ খেলাফত আন্দোলন<br>**"বটগাছ"** |
| ২০. | বাংলাদেশ মুসলিম লীগ<br>**"হারিকেন"** |
| ২১. | ন্যাশনাল পিপলস্ পার্টি (এনপিপি)<br>**"আম"** |
| ২২. | জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ<br>**"খেজুরগাছ"** |
| ২৩. | গণফোরাম<br>**"উদীয়মান সূর্য"** |
| ২৪. | গণফ্রন্ট<br>**"মাছ"** |

| ক্রমিক নম্বর | দলের নাম ও প্রতীক |
|---|---|
| ১ | ২ |
| ২৫. | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি-বাংলাদেশ ন্যাপ<br>**"গাভী"** |
| ২৬. | বাংলাদেশ জাতীয় পার্টি<br>**"কাঁঠাল"** |
| ২৭. | ইসলামিক ফ্রন্ট বাংলাদেশ<br>**"চেয়ার"** |
| ২৮. | বাংলাদেশ কল্যাণ পার্টি<br>**"হাতঘড়ি"** |
| ২৯. | ইসলামী ঐক্যজোট<br>**"মিনার"** |
| ৩০. | বাংলাদেশ খেলাফত মজলিস<br>**"রিক্সা"** |
| ৩১. | ইসলামী আন্দোলন বাংলাদেশ<br>**"হাতপাখা"** |
| ৩২. | বাংলাদেশ ইসলামী ফ্রন্ট<br>**"মোমবাতি"** |
| ৩৩. | বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি<br>**"কোদাল"** |
| ৩৪. | খেলাফত মজলিস<br>**"দেওয়াল ঘড়ি"** |
| ৩৫. | বাংলাদেশ মুসলিম লীগ-বিএমএল<br>**"হাত (পাঞ্জা)"** |
| ৩৬. | বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট (মুক্তিজোট)<br>**"ছড়ি"** |
| ৩৭. | বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট-বিএনএফ<br>**"টেলিভিশন"** |
| ৩৮. | জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন-এনডিএম<br>**"সিংহ"** |
| ৩৯. | বাংলাদেশ কংগ্রেস<br>**"ডাব"** |

পরিশিষ্ট-'ঙ'

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখঃ ২৮ মাঘ ১৪২২ বঙ্গাব্দ /১০ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩০-আইন/২০১৬।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ২০ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। শিরোনাম ও প্রবর্তন ।—(১) এই বিধিমালা ইউনিয়ন পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা ।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "আইন" অর্থ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন);

(২) "ইউনিয়ন পরিষদ " অর্থ আইনের ধারা ১০ এর অধীন গঠিত কোন ইউনিয়ন পরিষদ;

(৩) "কমিশন" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১১৮ এর অধীন প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন;

(৪) ''দেওয়াল'' অর্থ বাসস্থান, অফিস, আদালত, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যবসাকেন্দ্র, শিল্প কারখানা, দোকান বা অন্য কোন স্থাপনা, কাঁচা বা পাকা যাহাই হউক না কেন, এর বাহিরের ও ভিতরের দেওয়াল বা বেড়া বা উহাদের সীমানা নির্ধারণকারী দেওয়াল বা বেড়া এবং বৃক্ষ, বিদ্যুৎ লাইনের খুঁটি, খাম্বা, সড়ক দ্বীপ, সড়ক বিভাজক, ব্রিজ, কালভার্ট, সড়কের উপরিভাগ ও বাড়ির ছাদও ইহার অন্তর্ভুক্ত হইবে;


মূল্যঃ টাকা ১২.০০

(৫) "নির্বাচন" অর্থ কোন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সদস্য পদে নির্বাচন বা উপ-নির্বাচন;

(৬) "নির্বাচনি এলাকা" অর্থ ইউনিয়ন পরিষদের নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নির্ধারিত এলাকা;

(৭) ''নির্বাচন-পূর্ব সময়'' অর্থ নির্বাচনি তফসিল ঘোষণার তারিখ হইতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত সময়কাল;

(৮) ''পোস্টার'' অর্থ কাগজ, কাপড়, রেক্সিন, ডিজিটাল ডিসপ্লে বোর্ড বা ইলেকট্রনিক মাধ্যমসহ অন্য যে কোন মাধ্যমে প্রস্তুতকৃত কোন প্রচারপত্র, প্রচারচিত্র, বিজ্ঞাপনপত্র, বিজ্ঞাপনচিত্র এবং যে কোন ধরনের ব্যানার বা বিলবোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(৯) ''পোস্টার লাগানো'' অর্থ প্রচার বা ভিন্নরূপ কোন উদ্দেশ্যে, দেওয়াল বা যানবাহনে, আঠা বা অন্য কোন পদার্থ দ্বারা পোস্টার সাঁটিয়া দেওয়া, লাগাইয়া দেওয়া, ঝুলাইয়া দেওয়া, টাঙ্গাইয়া দেওয়া বা স্থাপন করা;

(১০) ''প্রতিদ্বন্দ্বী প্রার্থী'' অর্থ এমন একজন প্রার্থী যিনি চেয়ারম্যান অথবা সদস্য হিসাবে নির্বাচনের জন্য বৈধভাবে মনোনীত হইয়াছেন এবং যিনি তাহার প্রার্থিতা প্রত্যাহার করেন নাই;

(১১) "প্রার্থী" অর্থ কোন ইউনিয়ন পরিষদের—

(ক) চেয়ারম্যান পদে নির্বাচনের জন্য কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনীত ব্যক্তি অথবা স্বতন্ত্র প্রার্থী; এবং

(খ) সদস্য পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলকারী যে কোন ব্যক্তি;

(১২) "যানবাহন" অর্থ জল, স্থল বা আকাশ পথে চলাচলকারী, চাকাযুক্ত বা চাকাবিহীন, যাত্রী বা মালামাল বহনকারী যান্ত্রিক বা অযান্ত্রিক কোন পরিবহণ;

(১৩) "রাজনৈতিক দল" অর্থ Representation of the People Order, 1972 (P.O.No. 155 of 1972) এর Article 2 এর Clause (xixa) তে সংজ্ঞায়িত Registered Political Party ;

(১৪) "সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি" অর্থ প্রধানমন্ত্রী, জাতীয় সংসদের স্পিকার, সরকারের মন্ত্রী, চিফ হুইপ, ডেপুটি স্পিকার, বিরোধী দলীয় নেতা, সংসদ উপনেতা, বিরোধী দলীয় উপনেতা, প্রতিমন্ত্রী, হুইপ, উপমন্ত্রী বা তাহাদের সমপদমর্যাদার কোন ব্যক্তি, সংসদ-সদস্য এবং সিটি কর্পোরেশনের মেয়র ;

(১৫) "সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২(১) এ সংজ্ঞায়িত সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষ; এবং

(১৬) "স্বতন্ত্র প্রার্থী" অর্থ এইরূপ কোন প্রার্থী যিনি কোন রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন প্রাপ্ত নহেন।

৩। নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে সমানাধিকার।—আইন এবং এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে যে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচনে অংশগ্রহণকারী কোন রাজনৈতিক দল কিংবা উহার মনোনীত প্রার্থী বা স্বতন্ত্র প্রার্থী কিংবা তাহাদের পক্ষে অন্য কোন ব্যক্তির সমান অধিকার থাকিবে।

৪। কোন প্রতিষ্ঠানে চাঁদা, অনুদান ইত্যাদি নিষিদ্ধ।—কোন প্রার্থী বা প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান নির্বাচন-পূর্ব সময়ে সংশ্লিষ্ট ইউনিয়ন এলাকায় অবস্থিত কোন প্রতিষ্ঠানে প্রকাশ্যে বা গোপনে কোন প্রকার চাঁদা বা অনুদান প্রদান করিতে বা প্রদানের অঙ্গীকার করিতে পারিবেন না।

৫। প্রচারণার সময় ।—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান প্রতীক বরাদ্দের পূর্বে কোন প্রকার নির্বাচনি প্রচার শুরু করিতে পারিবেন না।

৬। সার্কিট হাউজ, ইত্যাদি ব্যবহারে বাধা-নিষেধ ।—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্বাচন-পূর্ব সময়ে—

(ক) সরকারি সার্কিট হাউজ, ডাক বাংলো বা রেস্ট হাউজে অবস্থান করিতে পারিবেন না; এবং

(খ) তাহার পক্ষে বা অন্য কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর বিপক্ষে প্রচারণার স্থান হিসাবে সরকারি সার্কিট হাউজ, ডাক-বাংলো, রেস্ট হাউজ, কোন সরকারি কার্যালয় অথবা সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষকে ব্যবহার করিতে পারিবেন না।

৭। সভা সমিতি অনুষ্ঠান সংক্রান্ত বাধা-নিষেধ।—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান—

(ক) পথসভা ও ঘরোয়া সভা ব্যতীত কোন জনসভা বা শোভাযাত্রা করিতে পারিবেন না;

(খ) পথসভা ও ঘরোয়া সভা করিতে চাহিলে প্রস্তাবিত সভার কমপক্ষে ২৪ (চব্বিশ) ঘণ্টা পূর্বে তাহার স্থান এবং সময় সম্পর্কে স্থানীয় পুলিশ কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে, যাহাতে উক্ত স্থানে চলাচল ও আইন-শৃঙ্খলা রক্ষার জন্য পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারে:

তবে শর্ত থাকে যে, জনগণের চলাচলের বিঘ্ন সৃষ্টি করিতে পারে এইরূপ কোন সড়কে পথসভা করিতে পারিবেন না বা তদুদ্দেশ্যে কোন মঞ্চ তৈরি করিতে পারিবেন না;

(গ) প্রতিপক্ষের পথসভা বা ঘরোয়া সভা বা অন্যান্য প্রচারাভিযান পণ্ড বা উহাতে বাধা প্রদান বা কোন গোলযোগ সৃষ্টি করিতে পারিবেন না; এবং

(ঘ) কোন পথসভা বা ঘরোয়া সভা অনুষ্ঠানে বাধাদানকারী বা অন্য কোনভাবে গোলযোগ সৃষ্টিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশের শরণাপন্ন হইবেন এবং এই ধরনের ব্যক্তিদের বিরুদ্ধে নিজেরা ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন না ।

৮। পোস্টার, লিফলেট বা হ্যান্ডবিল ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ।—(১) পোস্টার সাদা-কালো রঙের হইতে হইবে এবং উহার আয়তন ৬০ (ষাট) সেন্টিমিটার × ৪৫ (পঁয়তাল্লিশ) সেন্টিমিটারের অধিক হইতে পারিবে না।

(২) পোস্টারে ছাপানো ছবি সাধারণ ছবি (portrait) হইতে হইবে এবং কোন অনুষ্ঠান বা মিছিলে নেতৃত্বদান, প্রার্থনারত অবস্থা ইত্যাদি ভঙ্গিমার ছবি ছাপানো যাইবে না।

(৩) সাধারণ ছবির আকার ৬০ (ষাট) সেন্টিমিটার × ৪৫ (পঁয়তাল্লিশ) সেন্টিমিটার এর অধিক হইতে পারিবে না।

(৪) নির্বাচনি প্রতীকের আকার, দৈর্ঘ্য, প্রস্থ বা উচ্চতা কোনক্রমেই ৩ (তিন) মিটারের অধিক হইতে পারিবে না।

(৫) নির্বাচনি প্রচারণায় কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নিজ ছবি ও প্রতীক ব্যতীত অন্য কাহারো নাম, ছবি বা প্রতীক ছাপাইতে কিংবা ব্যবহার করিতে পারিবেন নাঃ

তবে শর্ত থাকে যে, প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন রাজনৈতিক দলের মনোনীত হইলে সেই ক্ষেত্রে তিনি কেবল তাহার দলের বর্তমান দলীয় প্রধানের ছবি পোস্টারে বা লিফলেটে ছাপাইতে পারিবেন।

(৬) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী প্রতীক ব্যবহার বা প্রদর্শনের জন্য একাধিক রং ব্যবহার করিতে পারিবেন না।

(৭) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান মুদ্রণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মুদ্রণের তারিখবিহীন কোন পোস্টার লাগাইতে পারিবেন না।

(৮) কোন প্রার্থী বা প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান বা রাজনৈতিক দল নির্বাচনি এলাকায় অবস্থিত দেওয়াল বা যানবাহনে পোস্টার, লিফলেট বা হ্যান্ডবিল লাগাইতে পারিবেন নাঃ

তবে শর্ত থাকে যে, ভোটকেন্দ্র ব্যতীত নির্বাচনি এলাকার যে কোন স্থানে পোস্টার, লিফলেট বা হ্যান্ডবিল ঝুলাইতে বা টাঙ্গাইতে পারিবেন।

৯। ভোটার স্লিপ ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ ।—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান—

(ক) ভোটার স্লিপ প্রদান করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, কোন ভোটকেন্দ্রের ১৮০ (একশত আশি) মিটারের মধ্যে ভোটার স্লিপ বিতরণ করিতে পারিবেন না;

(খ) ভোটার স্লিপ ১২ (বার) সেন্টিমিটার × ৮(আট) সেন্টিমিটারের অধিক আয়তনের হইতে পারিবে না এবং উহাতে প্রার্থীর নাম ও ছবি, সংশ্লিষ্ট পদের নাম, প্রতীক ব্যতীত অন্য কিছু উল্লেখ করিতে পারিবেন না, তবে ভোটারের নাম, ভোটার নম্বর ও ভোটকেন্দ্রের নাম ইত্যাদি উল্লেখ করিতে পারিবেন; এবং

(গ) মুদ্রণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, সংখ্যা ও তারিখবিহীন কোন ভোটার স্লিপ মুদ্রণ করিতে পারিবেন না।

১০। প্রতীক হিসাবে জীবন্ত প্রাণী ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ ।—নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে প্রতীক হিসাবে জীবন্ত প্রাণী ব্যবহার করা যাইবে না।

১১। মিছিল বা শোডাউন সংক্রান্ত বাধা-নিষেধ ।—(১) মনোনয়নপত্র সংগ্রহ ও দাখিলের সময় কোন প্রকার মিছিল কিংবা শো-ডাউন করা যাইবে না বা প্রার্থী ৫ (পাঁচ) জনের অধিক সমর্থক লইয়া মনোনয়নপত্র সংগ্রহ ও জমা দিতে পারিবেন না।

(২) নির্বাচন-পূর্ব সময়ে কোন প্রকার মিছিল বা কোনরূপ শো-ডাউন করা যাইবে না।

১২। নির্বাচনি ক্যাম্প বা অফিস স্থাপন, ইত্যাদি সংক্রান্ত বাধা নিষেধ ।—(১) কোন প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি কোন সড়ক কিংবা জনগণের চলাচল বা সাধারণ ব্যবহারের জন্য নির্ধারিত স্থানে নির্বাচনি ক্যাম্প বা অফিস স্থাপন করিতে পারিবেন না।

(২) চেয়ারম্যান পদে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী তার নির্বাচনি এলাকায় ৩ (তিন)টির অধিক, সংরক্ষিত আসনের সদস্য পদে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী তাহার নির্বাচনি এলাকায় ১ (এক)টির অধিক এবং সাধারণ আসনের সদস্য পদে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী তাহার নির্বাচনি এলাকায় ১ (এক)টির অধিক নির্বাচনি ক্যাম্প বা অফিস স্থাপন করিতে পারিবেন না।

(৩) নির্বাচনি ক্যাম্প বা অফিসে কোন টেলিভিশন, ভিসিআর, ভিসিডি, ডিভিডি, ইত্যাদি ব্যবহার করা যাইবে না।

১৩। যানবাহন ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ ।—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান—

(ক) কোন ট্রাক, বাস, মোটর সাইকেল, নৌযান, ট্রেন কিংবা অন্য কোন যান্ত্রিক যানবাহন সহকারে মিছিল বা মশাল মিছিল বা অন্য কোন প্রকারের মিছিল বাহির করিতে পারিবে না কিংবা কোনরূপ শোডাউন করিতে পারিবে না;

(খ) নির্বাচনি প্রচারকার্যে হেলিকপ্টার বা অন্য কোন আকাশযান ব্যবহার করা যাইবে না, তবে দলীয় প্রধানের যাতায়াতের জন্য উহা ব্যবহার করিতে পারিবে কিন্তু যাতায়াতের সময় হেলিকপ্টার হইতে লিফলেট, ব্যানার বা অন্য কোন প্রচার সামগ্রী প্রদর্শন বা বিতরণ করিতে পারিবে না; এবং

(গ) ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে মোটর সাইকেল বা অন্য কোন যান্ত্রিক যানবাহন চালাইতে পারিবেন না।

১৪। নির্বাচনের দিন যানবাহন ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ।—(১) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পক্ষে কোন ভোটকেন্দ্রে বা ভোটকেন্দ্র হইতে ভোটারদের আনা নেওয়ার জন্য যানবাহন ভাড়া করা যাইবে না বা ব্যবহার করা যাইবে না।

(২) নির্বাচনে শান্তি-শৃঙ্খলা রক্ষার সুবিধার্থে কমিশন কর্তৃক অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে কোন যানবাহন চালানো যাইবে না।

১৫। দেওয়াল লিখন সংক্রান্ত বাধা-নিষেধ ।—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যে কোন রং এর কালি বা চুন বা কেমিক্যাল দ্বারা দেওয়াল বা যানবাহনে কোন লিখন, মুদ্রণ, ছাপচিত্র বা চিত্র অংকন করিয়া নির্বাচনি প্রচারণা চালাইতে পারিবেন না।

১৬। গেইট, তোরণ বা ঘের নির্মাণ, প্যান্ডেল বা ক্যাম্প স্থাপন ও আলোকসজ্জাকরণ সংক্রান্ত বাধা-নিষেধ ।—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান—

(ক) নির্বাচনি প্রচারণায় কোন গেইট, তোরণ বা ঘের নির্মাণ করিতে পারিবেন না কিংবা চলাচলের পথে কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করিতে পারিবেন না;

(খ) নির্বাচনি প্রচারণার জন্য ৩৬ (ছত্রিশ) বর্গমিটারের অধিক স্থান লইয়া কোন প্যান্ডেল বা ক্যাম্প তৈরি করিতে পারিবেন না;

(গ) নির্বাচনি প্রচারণার অংশ হিসাবে বিদ্যুতের সাহায্যে কোন প্রকার আলোকসজ্জা করিতে পারিবেন না; এবং

(ঘ) কোন সড়ক কিংবা জনগণের চলাচল ও সাধারণ ব্যবহারের জন্য নির্ধারিত স্থানে নির্বাচনি ক্যাম্প বা অফিস স্থাপন করিতে পারিবেন না।

১৭। প্রচারণামূলক বক্তব্য, খাদ্য পরিবেশন, উপঢৌকন প্রদান সংক্রান্ত বাধা-নিষেধ।—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান—

(ক) নির্বাচনি প্রচারণার জন্য কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর ছবি বা তাহার পক্ষে প্রচারণামূলক কোন বক্তব্য বা অন্য কারো ছবি বা প্রতীকের চিহ্নসম্বলিত শার্ট, জ্যাকেট, ফতুয়া ইত্যাদি ব্যবহার করিতে পারিবেন না;

(খ) নির্বাচনি ক্যাম্পে ভোটারগণকে কোনরূপ পানীয় বা খাদ্য পরিবেশন করিতে পারিবেন না; এবং

(গ) ভোটারগণকে কোনরূপ উপঢৌকন, বক্‌শিশ, ইত্যাদি প্রদান করিতে পারিবেন না।

১৮। উস্কানিমূলক বক্তব্য বা বিবৃতি প্রদান এবং উচ্ছৃঙ্খল আচরণ সংক্রান্ত বাধা-নিষেধ।—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান—

(ক) নির্বাচনি প্রচারণাকালে ব্যক্তিগত চরিত্র হনন করিয়া বক্তব্য প্রদান বা কোন ধরনের তিক্ত বা উস্কানিমূলক বা মানহানিকর কিংবা লিঙ্গ, সাম্প্রদায়িকতা বা ধর্মানুভূতিতে আঘাত লাগে এমন কোন বক্তব্য প্রদান করিতে পারিবেন না;

(খ) নির্বাচন উপলক্ষে কোন নাগরিকের জমি, ভবন বা অন্য কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তির কোনরূপ ক্ষতিসাধন করিতে পারিবেন না;

(গ) অনভিপ্রেত গোলযোগ ও উচ্ছৃঙ্খল আচরণ দ্বারা কাহারও শান্তি ভঙ্গ করিতে পারিবেন না; এবং

(ঘ) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর পক্ষে বা বিপক্ষে ভোটারদের প্রভাবিত করিবার উদ্দেশ্যে কোন প্রকার বল প্রয়োগ বা অর্থ ব্যয় করিতে পারিবেন না।

১৯। বিস্ফোরক দ্রব্য বহন সংক্রান্ত বাধা-নিষেধ।—কমিশন কর্তৃক অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি ভোটকেন্দ্রের নির্ধারিত চৌহদ্দির মধ্যে Explosives Act, 1884 (Act No. IV of 1884) এর section 4 এর clause (1) এ সংজ্ঞায়িত explosive, Explosive Substances Act, 1908 (Act No. VI of 1908) এর Section 2 এ সংজ্ঞায়িত explosive substance এবং Arms Act, 1878 (Act No. XI of 1878)এর section 4 এ সংজ্ঞায়িত arms ও ammunition বহন করিতে পারিবেন না।

২০। ধর্মীয় উপাসনালয়ে প্রচারণা সংক্রান্ত বাধা-নিষেধ।—কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান মসজিদ, মন্দির, গির্জা বা অন্য কোন ধর্মীয় উপাসনালয়ে কোন প্রকার নির্বাচনি প্রচারণা চালাইতে পারিবেন না।

২১। মাইক্রোফোন ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ।—(১) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান একটি ওয়ার্ডে পথসভা বা নির্বাচনি প্রচারণার কাজে একের অধিক মাইক্রোফোন বা শব্দের মাত্রা বর্ধনকারী অন্যবিধ যন্ত্র ব্যবহার করিতে পারিবেন না।

(২) কোন নির্বাচনি এলাকায় মাইক বা শব্দের মাত্রা বর্ধনকারী অন্যবিধ যন্ত্রের ব্যবহার দুপুর ২ (দুই) ঘটিকার পূর্বে এবং রাত ৮ (আট) ঘটিকার পরে করা যাইবে না।

২২। সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি ও সরকারি কর্মকর্তা বা কর্মচারীর নির্বাচনি প্রচারণা এবং সরকারি সুযোগ-সুবিধা সংক্রান্ত বাধা-নিষেধ।—(১) সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি এবং কোন সরকারি কর্মকর্তা বা কর্মচারী নির্বাচন-পূর্ব সময়ে নির্বাচনি এলাকায় প্রচারণায় বা নির্বাচনি কার্যক্রমে অংশগ্রহণ করিতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ ব্যক্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ভোটার হইলে তিনি কেবল তাঁহার ভোট প্রদানের জন্য ভোটকেন্দ্রে যাইতে পারিবেন।

(২) নির্বাচন-পূর্ব সময়ে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান নির্বাচনি কাজে সরকারি প্রচারযন্ত্র, সরকারি যানবাহন, অন্য কোন সরকারি সুযোগ-সুবিধা ভোগ এবং সরকারি কর্মকর্তা বা কর্মচারীগণকে ব্যবহার করিতে পারিবেন না।

২৩। নির্বাচন-পূর্ব সময়ে সরকারি উন্নয়ন কর্মসূচিতে কর্তৃত্ব করিবার ক্ষেত্রে বাধা-নিষেধ ।—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী তাহার নির্বাচনি এলাকায় সরকারি উন্নয়ন কর্মসূচিতে কর্তৃত্ব করিতে পারিবেন না কিংবা এতদ্সংক্রান্ত সভায় যোগদান করিতে পারিবেন না।

২৪। নির্বাচন-পূর্ব সময়ে শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে অংশগ্রহণের উপর বাধা-নিষেধ ।—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে পূর্বে সভাপতি বা সদস্য হিসাবে নির্বাচিত বা মনোনীত হইয়া থাকিলে নির্বাচন-পূর্ব সময়ে তিনি উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন সভায় সভাপতিত্ব বা অংশগ্রহণ করিবেন না অথবা উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন কাজে জড়িত হইবেন না।

২৫। নির্বাচন-পূর্ব সময়ে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার জন্য প্রকল্প অনুমোদন, ফলক উন্মোচন ইত্যাদি সংক্রান্ত বাধা-নিষেধ ।—(১) নির্বাচন-পূর্ব সময়ে কোন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রাজস্ব বা উন্নয়ন তহবিলভুক্ত কোন প্রকল্পের অনুমোদন, ঘোষণা বা ভিত্তিপ্রস্তর স্থাপন কিংবা ফলক উন্মোচন করা যাইবে না।

(২) নির্বাচন-পূর্ব সময়ে কোন সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তহবিল হইতে কোন ব্যক্তি বা গোষ্ঠী বা প্রতিষ্ঠানের অনুকূলে কোন প্রকার অনুদান ঘোষণা বা বরাদ্দ প্রদান বা অর্থ অবমুক্ত করিতে পারিবে না।

(৩) নির্বাচন-পূর্ব সময়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সদস্য বা অন্য কোন পদাধিকারী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এলাকায় উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন বা ইতোপূর্বে অনুমোদিত কোন প্রকল্পে অর্থ অবমুক্ত বা প্রদান করিতে পারিবেন না।

২৬। বিলবোর্ড ব্যবহার সংক্রান্ত বাধা-নিষেধ।—নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে কোন প্রকারের স্থায়ী বা অস্থায়ী বিলবোর্ড ভূমি বা অন্য কোন কাঠামো বা বৃক্ষ ইত্যাদিতে স্থাপন বা ব্যবহার করা যাইবে না।

২৭। নির্বাচনি ব্যয়সীমা সংক্রান্ত বাধা নিষেধ।—কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্ধারিত নির্বাচনি ব্যয়সীমা কোন অবস্থাতেই অতিক্রম করিতে পারিবেন না।

২৮। মনোনয়নপত্র দাখিল ও প্রার্থিতা প্রত্যাহারের সময় বাধা প্রদান নিষেধ ।—(১) কোন প্রার্থী কর্তৃক রিটার্নিং অফিসার বা সহকারি রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল করিবার সময় অন্য কোন প্রার্থী বা ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান বা কোন রাজনৈতিক দলের কেহ কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করিতে পারিবেন না।

(২) কোন প্রার্থী কর্তৃক রিটার্নিং অফিসার বা সহকারি রিটার্নিং অফিসারের নিকট প্রার্থিতা প্রত্যাহার করিবার সময় অন্য কোন প্রার্থী বা ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান বা কোন রাজনৈতিক দলের পক্ষে কেহ কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করিতে পারিবেন না।

২৯। ভোটকেন্দ্রে প্রবেশাধিকার।—(১) ভোটকেন্দ্রে নির্বাচনি কর্মকর্তা-কর্মচারী, প্রতিদ্বন্দ্বী প্রার্থী, নির্বাচনি এজেন্ট, নির্বাচনি পর্যবেক্ষক, কমিশন কর্তৃক অনুমোদিত ব্যক্তিবর্গ, ভোটকেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ এবং ভোটারদেরই প্রবেশাধিকার থাকিবে।

(২) কোন রাজনৈতিক দলের বা প্রতিদ্বন্দ্বী প্রার্থীর কর্মীগণ ভোটকেন্দ্রে প্রবেশ বা ভোটকেন্দ্রের অভ্যন্তরে ঘোরাফেরা করিতে পারিবেন না।

(৩) পোলিং এজেন্টগণ তাঁহাদের জন্য নির্ধারিত স্থানে উপবিষ্ট থাকিয়া তাঁহাদের নির্দিষ্ট দায়িত্ব পালন করিবেন।

৩০। নির্বাচন প্রভাবমুক্ত রাখা।—প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাহার পক্ষে অর্থ, অস্ত্র ও পেশী শক্তি কিংবা স্থানীয় ক্ষমতা দ্বারা নির্বাচন প্রভাবিত করা যাইবে না।

৩১। বিধিমালার বিধান লঙ্ঘন শাস্তিযোগ্য অপরাধ।—(১) কোন প্রার্থী বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি নির্বাচন-পূর্ব সময়ে এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিলে অনধিক ৬ (ছয়) মাসের কারাদণ্ড অথবা অনধিক ১০ (দশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।

(২) কোন রাজনৈতিক দল অথবা কোন প্রার্থীর পক্ষে কোন সংস্থা বা প্রতিষ্ঠান নির্বাচন-পূর্ব সময়ে এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিলে অনধিক ১০ (দশ) হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন।

৩২। রহিতকরণ ও হেফাজত।—(১) ইউনিয়ন পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১০, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্‌দ্বারা রহিত করা হইল।

(২) উপবিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত কোন কার্যক্রম বা গৃহীত কোন ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোন মামলা বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

নির্বাচন কমিশনের আদেশক্রমে
মোঃ সিরাজুল ইসলাম
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd